এখানে শিশুশ্রমের কিছু শ্রেণীবিভাগ ও ফলাফল নিয়ে আলোচনা করা হয়েছে। শিশুশ্রম মূলত আর্থ-সামাজিক অবস্থা, স্বাস্থ্য, নিরক্ষরতা, বেকারত্ব, দারিদ্রের উপর প্রভাব ফেলে। শিশুশ্রম বন্ধ করার জন্য কিছু মূল পয়েন্ট সুপারিশ এবং কিছু আইন নিয়ে আলোচনা করাহয়েছে। সেগুলি হল শিশুশ্রম (নিষেধাজ্ঞা ও নিয়ন্ত্রণ) আইন, শিশু আইনের জুভেনাইল জাস্টিস (কেয়ার অ্যান্ড প্রোটেকশন), শিশুদের বিনামূল্যে এবং বাধ্যতামূলক শিক্ষার অধিকার আইন, কারখানা আইন, খনি আইন ইত্যাদি। এবং শিশুশ্রম সমস্যার কিছু সমাধান নিয়ে আলোচনা করা হয়েছে।

৩. অনিল কুমার চৌধুরী (২০০৩) শিরোনামের একটি সমীক্ষা পরিচালনা করেছেন 'শিশুশ্রম এবং এর অর্থনৈতিক প্রভাব' এই গবেষণাটি প্রধানত শিশুশ্রমের সঙ্গে বর্ণিত এবং এটি অর্থনৈতিক প্রভাবযুক্ত। শিশুশ্রম ভারতে একটি গুরুতর সমস্যা যা অর্থনীতিক ভাবে শিশুশ্রমের ব্যাপকতাকে প্রাধান্য দেয়। মধ্যপ্রদেশের সুরগুজা জেলার পঁচাত্তরটি পরিবারের পারিবারিক সমীক্ষার মাধ্যমে সংগৃহীত তথ্যের উপর এই গবেষণাটি সর্বোত্তমভাবে শিশুশ্রমের প্রধান কারণ হিসেবে বর্ণনা করা হয়েছে। এই সমীক্ষায় শিশুশ্রমের আয় সহ পরিবারের আয় এবং শিশুশ্রমের ভিত্তিতে আয় বাদ দেওয়া হয়েছে। এবং অন্যরা পরিবারের আকার অনুসারে দারিদ্র্যের ঘটনা খুঁজে পাচ্ছেন। এই সমীক্ষায় পারিবারিক সাক্ষরতার হারও খুঁজে পাওয়া যাচ্ছে না কীভাবে অর্থনৈতিক অবস্থা এবং শিশু শ্রমের প্রভাব পড়বে।

উদ্দেশ্য

১. শিশুশ্রমের পরিবারের আকারের প্রভাব খুঁজে বের করা।

২. অবিভাবকদের সাক্ষরতা শিশুশ্রমের কারণ কিনা তা খুঁজে বের করা।

৩. শিশুশ্রমের পারিবারিক আয়ের প্রভাব খুঁজে বের করা।

গবেষণার প্রশ্নাবলী

১. শিশুশ্রম পরিবারের বড় আকারের প্রভাব কি?

২. শিশুশ্রমের পিতামাতার সাক্ষরতার হারের প্রভাব কী?

৩. শিশুশ্রমের উপর পারিবারিক আয়ের প্রভাব কী?

সমগ্রক

সমীক্ষাটি সম্পন্ন করার জন্য নদীয়া জেলার রানাঘাট ২ নম্বর ব্লক এর অন্তর্গত ৬০টি নিম্নবিও পরিবারকে সমগ্রক বা Papulation হিসাবে ধরা হয়েছে।

পদ্ধতিঃ এই অধ্যয়নের উদ্দেশ্য খুঁজে বের করার জন্য, এখানে (গবেষণায়) বর্ণনামূলক জরিপ পদ্ধতি অনুসরণ করা হয়েছে। গবেষণার প্রাথমিক তথ্যের জন্য সাক্ষাৎকারের সময়সূচী তৈরি করা এবং নির্দিষ্ট কিছু পরিবার থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ, প্রকাশিত এবং অপ্রকাশিত রেকর্ড, জার্নাল, বই এবং অন্যান্য সরকারী তথ্যগুলি ব্যবহার করা হয়েছে। পশ্চিমবঙ্গের নদীয়া জেলার রানাঘাট-২ ব্লকের বিভিন্ন স্থান থেকে ৬০টি শিশুশ্রমিকের নমুনা নেওয়া হয়েছে। পরিবার

থেকে শিশুশ্রম বৃদ্ধির কারণ বিশ্লেষণ করার জন্য ডেটা সঠিকভাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে এবং একটি পরিসংখ্যান টেবিলের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে গ্রাফ এবং পাই চার্ট ব্যবহার করা হয়েছে।

ফলাফল ও আলোচনা

বর্তমান গবেষণায়, সাক্ষাৎকারের সময়সূচী থেকে তথ্য সংগ্রহ করাহয় এবং উদ্দেশ্য অনুযায়ী ডেটা বিশ্লেষণ করা হয়।

উদ্দেশ্য নং-১ শিশুশ্রমে পারিবারিক আকারের প্রভাব খুঁজে বের করাঃ

সারণি নং ১

পরিবারের আকার বৃদ্ধি শিশুশ্রমের প্রধান কারণ দেখানো হয়েছে।

পরিবারের আকার সংখ্যা	শিশুশ্রমিকের সংখ্যা	শিশুশ্রমের শতকরা হার
৪ বছর পর্যন্ত	৫ জন	৮.৩৩%
৫-৮ বছর পর্যন্ত	২২ জন	৩৬.৩৮%
৯-১২ বছর পর্যন্ত	১৮ জন	৩০%
১৩-১৬ বছর পর্যন্ত	১১ জন	১৮.৩৩%
১৭এ বছর এবং তার উপরে	৪ জন	৬.৬৭%

১নং সারণিতে দেখানো হয়েছে যে, শিশুশ্রমের সর্বাধিক সংখ্যা ৫ থেকে ৮ জন সদস্যভূক্ত পরিবার এবং সর্বনিম্ন শিশুশ্রম ৪ এবং ১৭ এবং তার বেশি পরিবারের সদস্যদের জন্য। সুতরাং, পর্যবেক্ষণ করে দেখা যায় যে, পরিবারের আকার শিশুশ্রম বৃদ্ধিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তবে সবসময় পরিবারের আকার বৃদ্ধির সাথে শিশুশ্রমিকের সংখ্যা বাড়বে। আবার দেখা যায় যে, বৃহৎ পরিবারের কারণে, যে অভিভাবকরা তাদের সন্তানদের ভালো মানের শিক্ষা দিতে পারেন না, তাদের ছেলেমেয়েদের স্কুল ছেড়ে দেয় এবং সংসারের পাশে দাঁড়ানোর জন্য বিভিন্ন কাজে জড়িয়ে পড়ে। আরও ভালোভাবে বোঝানোর জন্য প্রাপ্ত তথ্য থেকে একটি গ্রাফ তৈরি করা হয়েছে, যা শিশুশ্রমের পরিবারের আকারের প্রভাবকে দেখায়।

শিশুশ্রমে পরিবারের আকারের প্রভাব

উদ্দেশ্য নং-২

শিশুশ্রমে অভিভাবকদের সাক্ষরতার হারের প্রভাব খুঁজে বের করা

সারণি নং ২শিশু শ্রমের পিতামাতার সাক্ষরতার হারের প্রভাব দেখানো হয়েছে।

পড়তে ও লিখতে পারে	শিশুশ্রমিকের সংখ্যা	শিশুশ্রম শতাংশ
পিতা এবং মাতা উভয়	২ জন	৩.৩৩%
শুধু বাবা	১৩ জন	২১.৬৭%
শুধু মা	৩ জন	৫%
পড়তে ও লিখতে পারে না	৪২ জন	৭০%

সারণি নং-২, দেখানো হয়েছে যে সকল শিশুদের বাবা-মা লিখতে-পড়তে পারেন না, সেই পারিবারের শিশুশ্রম ৬০-এর মধ্যে সর্বোচ্চ ৪২জন। যে পরিবারগুলোতে শুধু বাবা লেখা-পড়া জানে, সেই পরিবারগুলিতে শিশুশ্রম ৬০-এর মধ্যে ১৩ জন। পর্যবেক্ষণে দেখা যায়, যে সকল পরিবারগুলিতে মায়েরা পড়া-লেখা জানে সেই পরিবারে শিশুশ্রম সবথেকে কম। সুতরাং, গবেষনায় পর্যবেক্ষণ করে জানা যায় যে পিতামাতার সাক্ষরতার হার শিশু শ্রমের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই বলা যায়, শিশুশ্রমের অন্যতম কারণ মা-বাবার নিরক্ষরতা। আরও ভালো ভাবে গবেষনাটি বোঝার জন্য প্রাপ্ত তথ্য থেকে একটি পাই-চার্ট তৈরি করা হয়েছে, যা শিশুশ্রমের পরিবারের আকারের প্রভাব দেখায়।

উদ্দেশ্য নং-৩ ঃ শিশুশ্রমিকের পারিবারিক আয়ের প্রভাব খুঁজে বের করা।

সারণি নং-৩ ঃ শিশুশ্রমিকের পারিবারিক আয়ের প্রভাব দেখানো হয়েছে।

পারিবারিক মাসিক আয়	শিশুশ্রমিকের সংখ্যা	শিশুশ্রম শতাংশ
৪ হাজার পর্যন্ত	৩৮ জন	৬৩.৩৪%
৪-৬ হাজার	১৮ জন	৩০%
৬-৭ হাজার	৩ জন	৫%
৮ হাজারের উপরে	১১ জন	১,৬৭%

সারণি নং-৩, দেখানো হয়েছে যে শিশুশ্রমের অন্যতম প্রধান কারণ হল পারিবারিক আয়। গবেষনায় পর্যবেক্ষণ করে দেখা যায় যে পরিবারগুলি অত্যন্ত দরিদ্র অবস্থায় রয়েছে, একমাত্র সেসই পরিবারগুলিতে শিশুশ্রমিকের সংখ্যা বেশি। তারা ঠিকমতো তিনবেলা খেতে পায় না, তারা জীবনধারনের জন্য খুব কঠিন জীবনযাপন করছে। তাই তাদের সন্তানেরা বেঁচে থাকার তাগিদে প্রতিদিনই নানা কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে। তথ্য অনুযায়ী, ৬০টি পরিবারের মধ্যে ৫৬টি পরিবারের শিশুশ্রমিকের পারিবারিক আয় ৬ হাজারের কম। এর মধ্যে ৩৮জন শিশুশ্রমিক পরিবারের আয় ৪ হাজার টাকার নীচে। এই কারণে শিশুরা শিক্ষা থেকে বঞ্চিত হয়ে শিশুশ্রমে নিয়োজিত হচ্ছে। আরও ভালো ভাবে বোঝার জন্য প্রাপ্ত তথ্য থেকে একটি পাই-চার্ট তৈরি করা হয়েছে, যা শিশুশ্রমের পারিবারিক আয়ের প্রভাব দেখায়।

উপসংহার

শুরু থেকেই শিশুশ্রমের সমস্যা সমাজে বেশি প্রভাব ফেলে এবং এই কারণে কোনো দেশের প্রগতি বাধাগ্রস্ত হয়। দারিদ্র্য, বেকারত্ব, নিরক্ষরতা, অস্বাস্থ্যকর পরিবেশ এরমতোধে কোন কারণই শিশুশ্রমের সাথে জড়িত। অনুসন্ধানের ভিত্তিতে, এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, শিশুশ্রমের পিছনে পরিবারের আকার, পারিবারিক প্রেক্ষাপট, পারিবারিক আয় এবং পারিবারিক শিক্ষার প্রভাবের পাশাপাশি শিশুস্বাস্থ্য, শিক্ষা, ব্যক্তিত্ব ইত্যাদির প্রভাব রয়েছে। তাই একটি শিশুর শিশুশ্রমিকে পরিণত হবার পিছনে পরিবারের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিশুর জীবন গঠন, শিক্ষা প্রতিটি শিশুর জন্মগত অধিকার তাই শিশুদের শিক্ষার ব্যাপারে পরিবারকে যথেষ্ট সচেতন হতে হবে। শিশুশ্রম একটি সামাজিক বাধা যা শুধু পরিবারকে নয়, সমগ্র সমাজকে প্রভাবিত করে। অর্থাৎ কোনো শিশু যাতে শিক্ষা থেকে বঞ্চিত না হয় এবং সমাজে সুস্থ জীবনযাপন করতে পারে সেজন্য পরিবারের পাশাপাশি সমাজের প্রতিটি মানুষকে এগিয়ে আসতে হবে।

তথ্যসূত্র ঃ

1. Government of West Bengal, (GoWB), Department of Labour (GoWBL) (2007a), Labour in West Bengal 2006, Kolkata.
2. Das, L. (1996). Economics of Child Labour in Orissa a case study of Puri District. Shoodganga. Edmonds, E. V., & Pavchnik, N. (2005). Child Labour in the Global Economy.
3. Journal of Economics Perspectives, 199-220. Gupta, N. K. (2015). CHILD LABOUR IN INDIA:ABRIEF STUDY OF LAW AND ITS IMPLECATION.
4. International Journal of Advanced Research in Manegement and social sciences. Islam, M. N. (2020), Child Labour History, Process, and Consequences.
5. Research Gate, Kaur, J. (2019). Child Labour in India :Caueses, Impacts and Preventive Measures. Interna tional Journal of 360 manegement Review, 163-167.
6. Irnistitute of Development Studies Kolkata (IDSK) and Pratichi Trust (2006), Manab Unnayaner Pathe(in Bengali) (Towards Human Development): A Presentation of the Discussion, IDSK, Kolkata.
7. Bose, A.B. (2003), The State of Children in India, New Delhi, Manohar (see particularly Ch.4) pp.220-265.
8. National University of Educational Planning and Administration (NUEPA) (2007), District Report Cards, 2005-2006, Elementary Education In India: Where Do We Stand, Vols. I-II, (Compiled by Arun C. Mehta), NUEPA, New Delhi.
9. https://eisamay.com/nation/childlabour/articleshow/70217916.cms#google vignette

Authors Details:

1. Madhumita Khan, Assistant Professor (HOD), Dept. of Education, Naba Ballygunge Mahavidyalaya, Kolkata 700042.
2. Prince Biswas, State-Aided College Teacher (SACT-I), Dept. of Education, Naba Ballygunge Mahavidyalaya, Kolkata 700042.

কলেজের স্মৃতি

মনীষ মন্ডল

স্নাতক, ইতিহাস বিভাগ

তিন বছর আগের কথা, যখন আমি প্রথম নব বালিগঞ্জ মহাবিদ্যালয়ে পা রাখি। যেহেতু কলেজে প্রথম দিন নতুন জায়গা, নতুন বন্ধু ফলে একটু ভয় অবশ্যই পেয়েছিলাম কিন্তু আসতে আসতে সব কিছু যেন পরিচিত হয়ে উঠতে লাগল ক্ষনিকেই। ছোট্ট, কিন্তু বেশ পরিপাটি ক্যাম্পাসটা দেখে মুগ্ধ হয়েছিলাম। তখনও জানতাম না, এই জায়গাটা আমার জীবনের এক বড় অংশ হয়ে উঠবে এবং এই জায়গাটার প্রতি আমার এক গভীর ভালোবাসা জন্মাবে।

প্রথম দিন

প্রথম দিনটা এখনও স্পষ্ট মনে আছে। কলেজে প্রবেশ করে অপরিচিত বন্ধুদের সাথে কার কোন বিষয় আছে এই নিয়ে কথা বলতে বলতে কখন যে আমরা ভালো বন্ধু হয়ে উঠলাম তা বুঝতেই পারলাম না।

এর পর ক্লাসে প্রবেশ করলাম, ইতিহাস অনার্সের ক্লাস। ছিল ইতিহাস বিভাগের প্রধান অধ্যাপিকার ক্লাস। তার সাথে আম্মা মাদের আলাপ হলো প্রশ্ন-উত্তরের মাধ্যমে। তার অসাধারণ ব্যক্তিত্ব, অভিজ্ঞতা, মেধা এবং বিশেষ করে তার পড়ানোর পদ্ধতি আমাকে ক্রমেই মুগ্ধ করেছিল। তার সঙ্গে প্রথম পরিচয়ে আমি বুঝে গিয়েছিলাম, আমার এই যাত্রা অসাধারণ হতে চলেছে। কলেজের প্রথম দিন ভুলবো কি করে, সে ভোলার নয়।

নতুন বন্ধু

আমাদের ব্যাচ ছিল ছোট, কিন্তু প্রতিটি বন্ধুর সঙ্গে ছিল আলাদা আলাদা স্মৃতি। প্রথম বর্ষে ইতিহাসের বিভিন্ন শাখা নিয়ে চলত আমাদের দীর্ঘ তর্ক-বিতর্ক। কে কখন কী বলত, সেই সব মজার মুহূর্তগুলো আজও মনে পড়ে। বিশেষ করে লাইব্রেরির সেই নিরিবিলি কোণ, যেখানে আমরা ঘন্টার পর ঘন্টা কাটাতাম, বইয়ের পাতায় হারিয়ে যেতাম। নতুন বন্ধুদের সঙ্গে কাটানো সময়গুলো ছিল আমার কলেজ জীবনের অন্যতম সেরা অংশ। অনিকেত, তন্ময়, পূজা, বর্ষা;তাদের সঙ্গে ছিল প্রতিদিনের আড্ডা, পড়াশোনা, আর ছোট ছোট অভিজ্ঞতা।

প্রথম বর্ষ

প্রথম বর্ষ ছিল মজার আর উত্তেজনাপূর্ণ। তখন আমরা সবেমাত্র কলেজ জীবনের সঙ্গে মানিয়ে নিতে শিখছিলাম।

ইতিহাস বিভাগের অধ্যাপক-অধ্যাপিকাদের ক্লাসগুলো ছিল যেন এক একখানি রোমাঞ্চকর যাত্রা, যেখানে আমরা অতীতের সঙ্গে সংযোগ স্থাপন করতাম। ইতিহাসের পাতা থেকে তুলে এনে তারা আমাদের সামনে জীবন্ত করে তুলতেন নানা ঘটনা, চরিত্র, যুদ্ধ ইত্যাদি। সর্ব ক্ষেত্রে তারা সমগ্র দিক দিয়ে আমাকে সাহায্য করেছিল, সেটি কোনো জটিল প্রশ্নই হোক কিংবা প্রজেক্ট।

একে একে আলাপ হলো শিক্ষাবিজ্ঞান ও বাংলা বিভাগের অধ্যাপক-অধ্যাপিকার সাথে। তারাও যেন কোথাও না কোথাও শিক্ষণীয় অভিজ্ঞতা ও মেধার দ্বারা শিক্ষা দানে আমাকে ভাবিয়ে তুলেছিল।

দ্বিতীয় বর্ষ

দ্বিতীয় বর্ষে এসে কলেজের অধ্যাপক ও অধ্যাপিকাগণের সাথে আমাদের সম্পর্কগুলো আরও দৃঢ় হয়েছিল,তারাও আমাদের ভুল ত্রুটি গুলো দেখিয়ে দিত ও ভুল ত্রুটি গুলো সংশোধন করার ব্যাপারে বিশেষ সাহায্য করত। দ্বিতীয় বর্ষে রাষ্ট্রবিজ্ঞান বিষয় পাঠ্যসূচি তে থাকায়, রাষ্ট্র বিজ্ঞানের অধ্যাপক-অধ্যাপিকার সাথে আমার পরিচয় হয়, তারাও বহু দিক থেকে আমাকে শিক্ষা গ্রহণে সাহায্য করেছিল। পরীক্ষার সময় তারা আমাদেরকে বিশেষভাবে সাহায্য করত। আমরা কোনো সমস্যার সম্মুখীন হলে, তারা পথপদর্শক হিসাবে তারা আমাদের পথ দেখাতো।

প্রিয় স্থান

কলেজের লাইব্রেরিটা ছিল আমার অন্যতম প্রিয় স্থান। সেখানে আমরা অনেক সময় কাটাতাম, পড়াশোনা করতাম, আর মাঝে মাঝে আড্ডাও দিতাম। লাইব্রেরির নিরিবিলি কোণে বসে বই পড়া ছিল এক অন্যরকম অভিজ্ঞতা। সেখানেই প্রথমবার জেনেছিলাম, কিভাবে বইয়ের পাতায় হারিয়ে যাওয়া যায়। লাইব্রেরিয়ান ছিলেন আমাদের খুবই প্রিয়, তিনি সবসময় আমাদের সাহায্য করতেন এবং নতুন নতুন বইয়ের সুপারিশ করতেন।

তৃতীয় বর্ষ

তৃতীয় বর্ষে এসে গবেষণার কাজ শুরু করলাম। বন্ধুদের সঙ্গে বিভিন্ন ঐতিহাসিক স্থানে ঘুরে বেড়ানো,অধ্যাপক-অধ্যাপিকার কথা মত কাজ করা; এসব ছিল দারুণ অভিজ্ঞতা। একবার ভারতীয় জাদুঘর ও আলিপুর জেল মিউজিয়াম একটি গবেষণামূলক ট্রিপে গিয়েছিলাম, যা ছিল এক না ভোলার মত স্মৃতি। সেইখানে আমরা অনেক নতুন তথ্য সংগ্রহ করেছিলাম এবং মিউজিয়াম এর অপরূপ সৌন্দর্য উপভোগ করেছিলাম। এই অভিজ্ঞতাগুলো আমাকে আরও জানার আগ্রহ বাড়িয়ে তুলেছিল।

শেষ বর্ষে এসে মনে হয়, সময়টা কত দ্রুত কেটে গেল। আজ যখন কলেজের করিডোরে হেঁটে যাই, প্রতিটি দেয়াল, প্রতিটি ঘর যেন আমাকে গল্প বলে। আমার জীবনের এক অবিচ্ছেদ্য অংশ হয়ে থাকবে এই মহাবিদ্যালয়। সেই সময়ে আমাদের মধ্যে বন্ধুত্বের বন্ধন আরও দৃঢ় হয়েছিল। পরস্পরের সাহায্যে আমরা একে অপরকে আরও ভালভাবে বুঝতে শিখেছিলাম।

স্মৃতি ও বিদায়

নব বালিগঞ্জ মহাবিদ্যালয় শুধু এক শিক্ষাপ্রতিষ্ঠান নয়, বরং এটি আমার দ্বিতীয় বাড়ি। এখানকার প্রতিটি দিন, প্রতিটি মুহূর্ত আমাকে কিছু না কিছু শিখিয়েছে, নতুন করে গড়ে তুলেছে। প্রতিটি প্রাঙ্গণ, প্রতিটি ক্লাসরুম, প্রতিটি বন্ধু আজও আমার মনে জায়গা করে আছে। যখন এই কলেজ ছেড়ে যাব, সঙ্গে নিয়ে যাব অসংখ্য মধুর স্মৃতি, যা সারাজীবন আমার হৃদয়ে বেঁচে থাকবে। যদিও মেধাবী ছাত্র ছিলাম না ক্লাসে, তবুও অধ্যাপক-অধ্যাপিকাদের কাছ থেকে ভালোবাসা ও স্নেহ অর্জন করতে পেরে আমি নিজেকে ধন্য মনে করি।

আমার কলেজ জীবনের প্রতিটি মুহূর্ত, প্রতিটি বন্ধুত্ব, প্রতিটি শিক্ষা আমাকে এক অনন্য ব্যক্তি হিসেবে গড়ে তুলেছে। নব বালিগঞ্জ মহাবিদ্যালয় আমাকে শুধু পড়াশোনার জ্ঞান নয়, জীবনের প্রকৃত অর্থও শিখিয়েছে। আমার কলেজ জীবনের এই স্মৃতিগুলো সারাজীবন আমার সঙ্গী হয়ে থাকবে, আমাকে প্রেরণা জোগাবে, আমাকে এগিয়ে নিয়ে যাবে নতুন দিগন্তের দিকে।

এই প্রবন্ধটি নব বালিগঞ্জ মহাবিদ্যালয়ের প্রতি আমার গভীর ভালোবাসা এবং কৃতজ্ঞতার প্রকাশ। এই কলেজটি আমাকে যেভাবে গড়ে তুলেছে এবং এই কলেজের অধ্যাপক ও অধ্যাপিকা যেভাবে শিক্ষা গ্রহণ ও বিশেষ করে প্রকৃত মানুষ হতে আমাকে সাহায্য করেছে আমি তার জন্য চিরকৃতজ্ঞ। আশা করি, ভবিষ্যতে আমি এই শিক্ষা ও অভিজ্ঞতাগুলোকে কাজে লাগিয়ে জীবনে আরও বড় হতে ও অনেক কিছু অর্জন করতে পারব।

অর্কিড

মৌমিতা কর্মকার
প্রাক্তনী, স্নাতকোত্তর, বাংলা বিভাগ

''আজকাল এমনই দিন পড়েছে সবাই সবার নিজের জীবন নিয়ে এতই ব্যস্ত যে নিজের পরিবারের লোকের মনের খবরই রেখে উঠতে পারে না কেউ'' পেপারে একটি মেয়ের আত্মহত্যার ঘটনা পড়ছিল সুরেশবাবু। মেয়েটি কেন আত্মহত্যা করেছে জানা যায়নি, তাই আপন মনে কথাটি বলে উঠলো সুরেশবাবু। সুরেশবাবু গড়িয়া এলাকায় নিজের বাড়িতে বসবাস করেন। আজ সাতমাস হল চাকরি থেকে রিটায়ারমেন্ট হয়েছেন্ স্ত্রী মারা গেছেব দু'বছর হতে চলল। একমাত্র মেয়ের বিয়ে হয়েছে মুম্বাইতে, সেও মুম্বাইতে থাকে। বছরে একবার ছুটির সময় আসে কিন্তু সপ্তাহে একদিন বাবাকে ফোন করে। তিনতলা বাড়িটায় সম্পূর্ণ একাই থাকতেন সুরেশবাবু। সঙ্গী বলতে বাড়ির রান্না ও টুকটাক কাজ করার জন্য একজন বেতনভুক্ত পরিচারিকা, কিছু হিসাব নিকাশের বই ও কিছু গল্প-উপন্যাসের বই।

চাকরি থেকে রিটায়ার করার পর সুরেশবাবুর এক অদ্ভুত নেশা এসে চেপেছে। সারাদিন কিভাবে কাটাবে এই ভাবতে ভাবতে যখন তিনি অস্থির তখন হঠাৎ মনে হল ছোটবেলা থেকে গাছ খুব ভালোবাসতেন। কিন্তু কখনো সেইভাবে করা বাগান তৈরি করা হয়ে ওঠেনি তার, তাই হঠাৎ ইচ্ছা হল এখন বাগান তৈরি করবেন। তিন-চার মাস হয়েছে বিভিন্ন রকম ফুলগাছ বাড়িতে লাগিয়েছেন। রক্তকরবী, কাঠগোলাপ, স্থলপদ্ম, বিভিন্ন রকমের গোলাপ, জুঁই আরও কতরকম গাছ। বাড়ির বাইরের সামনের দিকটা বেশ অনেকটাই কাজে লাগিয়েছেন। সকালে ঘুম থেকে উঠে টিফিন করে সারাদিন বাগান পরিচর্যা করা, নিয়ম করে খাওয়ার খাওয়া, বিকালে একটু হাঁটতে বেরোনো, আর রাতে ঘুমানোর আনে নিয়ম করে এক ঘন্টা বই পড়ে রাত ১১টায় ঘুমিয়ে পড়া, এই হয়ে উঠলো তার রুটিন সকালে পেপারে দেখেছিল আজ সোজারথ, মেয়ে ছোটো থাকতে তাকে নিয়ে যেতো রথ দেখাতে, বড় হওয়ার পর তার আর দরকার পড়েনি। তাই ভাবলেন এবারের রথটা ঘুরে আসবেন, দেখেছেন প্রচুর গাছও পাওয়া যায় কিছু, গাছ কেনাও যাবে। বিকালে বেরোলেন রথ দেখতে। রথ দেখে গাছ দেখার কেনার সময় একটি দোকানে হঠাৎ একটি গাছের দিকে তার নজর সবার পড়ে, গাছটির সবুজ রঙের সরু দেহ থেকে সাদা রঙের থোকা থোকো ফুল ঝুলে রয়েছে। সাদা রঙ তার এমনিতেই খুব প্রিয় এবং এমন গাছ তার বাড়িতে নেইও। দোকানদারের কাছ থেকে তিনি জানতে পারেন গাছটি একপ্রকার 'অর্কিড' প্রজাতির, অন্য গাছের সঙ্গে এই গাছটিকেও তিনি নিয়ে নেন। বাড়ি ফিরে গাছগুলিকে সেইদিনের মত সেই ভাবেই রেখে দেন। পরেরদিন সকালে গাছগুলিকে পরিচর্যার সময় তিনি খেয়াল করেন অর্কিড গাছটির ফুলগুলি থেকে হালকা একপ্রকারের গন্ধ বের হচ্ছে। তিনি গাছটির প্রতি আকর্ষণ অনুভব করলেন। কিছু গাছ বাগানের টবে লাগিয়ে বারান্দায় রখেন, কিন্তু কিন্তু অর্কিডটিকে তিনি টবে লাগিয়ে বসার ঘরের এককোনায় রাখলেন। গাছটি তিনি সামান্য দামে পেলেও গাছটির সৌন্দর্য ও গন্দ আসতে আসতে তাকে মুগ্ধ করছে। গাছটি লাগানোর সময় খুঁটিয়ে খুঁটিয়ে নিরীক্ষণ করেছিলেন। এই প্রকারের ফুল তিনি আগে কখনও দেখেননি।

পরেরদিন তিনি অনুভব করেন গাছটির ফুলগুলি থেকে বেরোনো গন্ধটা যেন সারাঘর ভরপুর করে রেখেছে, ঠিক যেমন ভেজা মাটির সঙ্গে জুঁই ফুলের গন্ধ মিশে গেলে যেমন হয়। গাছটি যতদিন যেতে থাকে ফুলগুলির গন্ধ যেন আরও বৃদ্ধি পেতে থাকে। ছোটবেলা থেকেই তার লাইফ সাইন্সের বইয়ের প্রতি অত আগ্রহ ছিল না তাই অর্কিডের প্রজাতি সম্পর্কে তার কিছুই জানা নেই। মাধ্যমিকের পর থেকে কমার্সের ছাত্র হয়ে পড়াশোনা করেছেন। তাই ছোটোখাটো আইডিয়াটুকুও তার ছিল না কিন্তু হঠাৎ এমন একটি গাছ পাওয়ার পর তিনি গাছটির নাম জানার জন্য অর্কিড সম্বন্ধীয় একটি বই কিনে আনে কিন্তু সেখানেও নির্দিষ্ট গাছটি সম্বন্ধে পর্যাপ্ত কোনো নাম বা ছবি খুঁজে পান না। কিন্তু তিনি এটুকু সিদ্ধান্তে আসেন যে এটি 'জিমনাবেনিয়া কনোনসিয়া' প্রজাতির হতে পারে। সাদটির সম্বন্ধে তার মেয়েকেও তিনি জানান। এদিকে দিন যত বাড়তে থাকে গাছটির ফুলের গন্ধগুলি আরো প্রখর থেকে প্রখরতর হতে থাকে। শুধু বসারঘরের মধ্যেই গন্ধটা আগে আবদ্ধ থাকত কিন্তু দুই-তিনদিন ধরে গন্ধটা রাতে তার শোয়ার ঘর পর্যন্ত আসতে থাকে। গাছটির প্রতি দিনদিন তার আকর্ষণ বৃদ্ধি পেতে থাকে, আগে দিনে কিছু সময় তিনি টুকটাক কাজ, বিকেলে ঘুরে-বেড়িয়ে সময় কাটাতেন। কিন্তু কিছুদিন ধরে তিনি সারাদিনই যেন গাছটির চারপাশে ঘুরতে থাকেন বেশি।

একদিন রাত্রে হঠাৎ ঘুমটা ভেঙে যায় তা তার মনে হতে থাকে ফুলের গন্ধটা যেন অতি তীব্র তার শোবার ঘর জুড়ে গন্ধটা যেন ঘুরে বেড়াচ্ছে। শোবার ঘর থেকে বাইরে বেরিয়ে তিনি বোঝেন শুধু শোবার ঘরে নয়, সারা বাড়ি যেন ফুলের গন্ধে ময়-ময় করছে। তিনি বসার ঘরে চলে আসেন, ফুলের গন্ধটা অনেক বৃদ্ধি পেয়েছে ঠিকই কিন্তু এক সপ্তাহ আগে গাছটি আনার সময় যে ফুলগুলি ফুটেছিল তা আর ঝড়েনি। গন্ধটা তার এতই ভালো লাগে যে তার মনে হতে থাকে গন্ধটা তার সমস্ত মস্তিষ্কের শিরায় শিরায় ঘুরে বেড়াচ্ছে। কিছুক্ষণ সেখানেই বসে থাকতে থাকতে কখন যে চোখ লেগে গিয়েছিল তিনি বুঝতে পারেন নি। সকালে যখন ঘুম থেকে ওঠেন তখন শরীর অনেকটা দুর্বল মনে হয় তার, মাথাটাও কেমন ব্যথা করছে। তিনি ভাবেন পরিচালিকা এক সপ্তাহের ছুটিতে গ্রামের বাড়ি গেছেন তাই হয়তো ঠিকঠাক খাওয়া-দাওয়া না হওয়ার জন্য হয়তো এমন হচ্ছে। পা হঠাৎ গাছটার দিকে চোখ পরতে তিনি দেখেন গাছটির সাদা ফুলগুলিতে লাল ছোপ ছোপ কিছু দাগ দেখা দিয়েছে। কোনোরকমে সারাদিনটা কাটান, সেদিন রাতে নিজের ঘরে শুতে ইচ্ছা করে না তার। তিনি একটা জিনিস খেয়াল করেন সন্ধ্যের পর থেকেই ফুলের গন্ধট যেন আস্তে আস্তে তীব্র হতে থাকে। কালকের মত আজও সারা ঘরময় ফুলের গন্ধটা যেন খেলা করতে থাকে। তিনি গন্ধে বিভোর হয়ে সেখানেই ঘুমিয়ে পড়েন। পরদিন যখন ঘুম ভাঙে তখন দেখে অনেক বেলা হয়ে গেছে। আজ যেন তার আরো দুর্বল মনে হয়, বমি-বমি ভাবও মনে হয়, মাথাটাও কেমন ঘোরাচ্ছে। ফুলেগুলির দিকে তাকিয়ে তিনি দেখেন কাল যে লাল ছোপ ছোপ দাগ দেখেছিলেন তা যেন আজ আরও বৃদ্ধি পেয়েছে। সোফা ছেড়ে উঠতে ইচ্ছে করে না তাই তিনি সারাদিন সেখানেই শুয়ে থাকেন, সারাদিন কিছু খানও না, বিকালের দিকে হঠাৎ ফোন আসে, ফোনটা সামনের টেবিলে পড়ে আছে কিন্তু সেটা তোলার ক্ষমতটুকুও যেন তার মধ্যে নেই। বড় বড় অক্ষরে স্ক্রিনে মেয়ের নামটা উঠে এসেছে কিন্তু আগে যেরকম মেয়ের ফোন আসলে একটা আগ্রহ অনুভব করত আজ যেন সেটাও তিনি করছেন না। তার বিরক্ত মনে হচ্ছে। তিনি সেখানেই শুয়ে থাকেন, তার মনে হতে থাকে তার মস্তিষ্কের সমস্ত শিরা যেন ওলট-পালট হয়ে যাচ্ছে, তিনি ভাবতে থাকনে, তিনি কিছু মনে করতে পারছেন না—সব, সব ভুলে যাচ্ছেন তিনি।

সুরেশবাবুর মেয়ের ফোন পেয়ে দুদিন পর সকালে পরিচালিকা আসেন। আধাঘন্টা ডাকাডাকি করার পরেও যখন ভিতর থেকে কোনো সাড়াশব্দ পায় না তখন আশেপাশের লোককে ডেকে আনে। সবাই মিলে ডাকাডাকি করার পরও কোনো লাভ না হওয়ায় তারা বাধ্য হয়ে পুলিশকে খবর দেয়। পুলিশ এসে দরজা ভেঙে বাড়িতে প্রবেশ করে সারা ঘর খুঁজে বসার ঘরে এসে দেখে এক বৃদ্ধের কুঁকড়ে যাওয়া নিধর দেহ সোফার ওপর শুয়ে আছে, সারা শরীর কেমন সাদা হয়ে রয়েছে, রক্ত শূন্য হলে যেরকম হয়, ঠিক তেমন। সারা শরীরের কোথাও কোনো আঘাতের চিহ্ন নেই, সারা ঘরে চুরি বা ডাকাতিরও কোনো চিহ্ন নেই। শুধু তার সামনের টেবিলে একটি গাছ রাখা। গাছটির সরু সরু ডাল থেকে রক্তবর্ণের ফুল ফুটে রয়েছে।

ময়নাতদন্তের রিপোর্ট থেকে জানা যায় শরীরে রক্তশূন্যতার অভাবে তার মৃত্যু ঘটেছে। এদিকে মেয়ে জানায় বাবার একমাত্র ডায়াবেটিস ছাড়া কোনো রোগ ছিল না, রক্তাল্পতা তো নয়ই।...

ভূতান্বেষী বরদা

নীলাব্জ মুখার্জী
প্রাক্তনী, স্নাতকোত্তর, বাংলা বিভাগ

শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের নাম উচ্চারিত হলেই বেশির ভাগ মানুষের প্রথমেই যার কথা স্মরণে আসে তিনি সত্যান্বেষী ব্যোমকেশ বক্সী। তার ঠিক পরেই আসে তাঁর ঐতিহাসিক গল্প-উপন্যাস কিন্তু এই অবিস্মরণীয় রচনাগুলোর বাইরে তাঁর অন্যতম সৃষ্টি হলো একত্রিশটি অলৌকিক গল্প। কিন্তু এদের মধ্যে বিশেষভাগে উল্লেখযোগ্য সেই গল্পগুলো যাদের কথক তথা চরিত্র, নিবেদন পক্ষে অনুঘটক হলেন 'বরদা' নামের এক পুরুষ।

১৯১৫ সাল মাত্র ষোলো বছর বয়সের কিশোর শরদিন্দু তাঁর জীবনের প্রথম সাহিত্য লেখা শুরু করেন। গল্পটির নাম 'প্রেতপুরী'। এই গল্প থেকেই 'বরদা'র পথ চলা শুরু বলা যেতে পারে। শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের তৈরি প্রথম কাল্পনিক চরিত্র হল 'বরদা', 'প্রেতপুরী' গল্পে 'বরদা'র আবির্ভাব ঘটে, 'সূর্যাস্তের পর শ্রাবণের বৃষ্টি আগে চাপিয়া আসিয়াছিল, আমরা কয়েকজনে ক্লাবের একটা ঘরে জড়োসড়ো হইয়া বসিয়াছিলাম। আলোটা টেবিলের ওপর নিস্তেজ ভাবে জ্বলিতে ছিল, এমন সময় ছাতা মাথায় দিয়া প্রায় ভিজিতে ভিজিতে বরদা আসিয়া উপস্থিত হইল আমাদের মধ্যে একজন তাহাকে সম্ভাষণ করিল, আয়াহি বরদা বাবু", এই থেকে শুরু 'বরদা'র পথ চল। তাকে নিয়ে মোট চোদ্দটি গল্প লেখেন। যথা—প্রেতপুরী, রক্ত-খদ্যোত, টিকটিকির ডিম, মরণ-ভোমরা, অশরীরি, সবুজ বোমা, বহুরূপী, প্রতিধ্বনি, আকাশবাণী, দেহান্তর, নীলকর, মালকোষ, মরণ-দোল, ব্যোমকেশ ও বরদা।

বরদার গল্পের পটভূমি হল বিহারের মুঙ্গের, মুঙ্গেরের বাঙালি সমাজ ও আরো ভালো করে বলতে গেলে সেই বাঙালিদের ক্লাব যার সদস্য বরদা ও গল্পের কথক।

মুঙ্গেরে বরদার সম্পন্ন পরিবার। তার কিছু পৈতৃক কিছু জমিজমা ও কয়েকখানি বাড়ির উপস্বত্ব ভোগ করেন। তার পরিবারে স্ত্রী, মা, দাদা, ছোটভাই পাঁচু ও শ্যালকদের উল্লেখ পাই। আছে পোষা কুকুর খোক্কসও। বরদা বিএ পাশ করেছেন। স্ত্রীর প্রতি সে অনুরক্ত, রবীন্দ্র সংগীত, বৈষ্ণব পদাবলী আর সংস্কৃত কাব্যসাহিত্যের যে ভক্ত, অবসরকালে তিনি প্রেততত্ত্বের চর্চা করে থাকেন, বরদাকে তার বন্ধুদের চেয়ে আলাদা করেছেন তার অলৌকিকের প্রতি আগ্রহ ও গল্প বলার মুনশিয়ানা।

অজিতের মুখ দিয়ে শরদিন্দু যতই বলান, 'ভূতান্বেষী বরদাবাবুর সঙ্গে সত্যান্বেষী ব্যোমকেশের একবার সাক্ষাৎ হইয়াছিল', অলৌকিকের প্রতি বরদার আগ্রহকে 'ভূতের অন্বেষণ' বলা চলে না একেবারেই। এই আখ্যাটা বরং অনেকটা 'সত্যান্বেষী' শব্দবন্ধের উল্টোদিকে পাল্লা ভারি করার জন্যই ব্যবহৃত হয়েছে মনে হয়। ১৯২০-৩০ এর দশকের গ্রাসাচ্ছদের ভাবনাহীন

ভদ্র বাঙালি যুবক বরদার অবসরকালীন চর্চায় মঁপসার গল্প যেমন ঢুকে পড়ে, তেমনই ঢুকে পড়েছে প্রেততত্ত্ব, প্রেততত্ত্ব নিয়ে তার যে ধারণার পরিচয় পাওয়া যায় তা থেকে ('বহুরূপী' গল্পে এস্টোপ্লাজমের তত্ত্বের অবতারণা থেকে) বোঝা যায় যে নেই ধারণা পাশ্চাত্য স্পিরিচুরালিজমের তত্ত্বের দ্বারা অনুপ্রাণিত। বরদার গল্পে তার বন্ধুদের অবিশ্বাস ও বরদার অতিপ্রাকৃত বিশ্বাস হেয় করার মানসিকতা এই সংঘাতেই প্রতিফলন।

বরদাকে 'ভূতাগ্রহী' ও 'ভূতোৎসাহী' বললে এবং সত্যের কিছুটা কাছাকাছি যাওয়া যেতে পারে। বরদার 'ভূতজ্ঞান'-ও ব্যক্তিগত অভিজ্ঞতা ও প্রেততত্ত্বের পাশ্চাত্য থিওরির উপর ভিত্তি করে গড়ে ওঠা ধারণা, কিন্তু সে ভূতের সন্ধান পেলেই ছুটে যায় না সত্যি-মিথ্যে যাচাই করার জন্য। আধিভৌতিক সমস্যার উপশমের জন্য তার ডাকও পড়ে না। আর সে ক্ষমতাও তার নেই। আধা-বৈজ্ঞানিক তদন্ত করে অতিলৌকিক ঘটনাকে চিরে ফেড়ে দেখার চেয়ে তা দিয়ে নিজের জীবনের অভিজ্ঞতার ঝুলি ভরার দিকেই বরদার বেশি আগ্রহ। আর আগ্রহ বেশ রসিয়ে সেই গল্প বলায়। বরদা আদতে আড্ডাবাজ বাঙালির প্রতিনিধি, তার স্বক্ষেত্র হল ক্লাবঘরের আড্ডা।

সাধারণ মানুষের মতোই বরদার বন্ধুরাও ভূতে বিশ্বাস করে না এবং বরদার গল্প বলাকে উপেক্ষা করার ক্ষমতাও তাদের নেই। বরদার গল্প ফাঁদার টেকনিক হল, 'গোড়াতেই চমকপ্রদ একটা কথা বলিয়া শ্রোতাদের হতবুদ্ধি করিয়া দেয়, তারপর শ্রোতারা সামলাইয়া উঠিবার আগেই গল্প শুরু করে, তখন আর তাহাকে থামাইবার উপায় থাকে না।' (নীলকর)

বরদার গল্পগুলিকে নিছক ছেলে ভুলানো ভূতের গল্প কখনোই নয়। সেগুলির অধিকাংশই তার বলা নিজের অভিজ্ঞতার গল্প (প্রেতপুরী, দেহান্তর, টিকটিকির ডিম, সবুজ চশমা, মরণ-দোল, নীলকর, মালকোষ) কিছু অন্য কারোর অভিজ্ঞতার কাহিনি (রক্ত-খদ্যোৎ, মরণ-ভোমরা, অশরীরী), কিছু আবার তার বন্ধুদের সরাসরি হতে থাকা অভিজ্ঞতা (বহুরূপী, প্রতিধ্বনি, আকাশবাণী, ব্যোমকেশ ও বরদা)। অতীন্দ্রিয়ের মায়ালোক পেরিয়ে সেগুলিতে বারবার উঠে এসেছে সম্পর্কের টানাপোড়েন, মনের অন্তঃস্থলের অন্ধকার ছায়া। 'দেহান্তর' বা 'নীলকর'—এ যেমন অলৌকিকের উদ্ভাস ঘটে অবদমিত যৌন কামনার কারণে, 'অশরীরী' তেমনই ভূতের গল্পের আড়ালে একটি নিটোল রোমান্টিক প্রেমকাহিনি 'রক্ত-খদ্যোৎ'-এ মুঙ্গেরের স্থানীয় 'মিথ'-কে কেন্দ্র করে গড়ে উঠেছে ভয়ের আবহাওয়া। এতে 'মরণ-ভোমরা'-এ আর 'টিকটিকির ডিম'-এ আতঙ্ক সৃষ্টি করার জন্য শরদিন্দু প্রেতলোকের বাসিন্দা হিসেবে মানুষের পাশাপাশি পশু-পতঙ্গের কাজে লাগিয়েছেন। সবচেয়ে বড় কথা হল গল্পগুলির অপূর্ব নাটকীয় গুণ। 'মালকোষ' কিংবা 'সবুজ চশমা' গল্পে গল্পবস্তু যাকে বলে, তা না থাকলেও গল্প বলার মুনশিয়ানায় যে নাটকীয়তা আরোপিত হয়েছে তাতেই কাহিনিগুলি অসাধারণ সুস্বাদু হয়ে উতরে গিয়েছে। 'ব্যোমকেশ ও বরদা' কাহিনির শেষে ব্যোমকেশ ধরে ফেলে বরদার বর্ণিত ভূত আসলে অপরাধীই, যুক্তিবাদের জয় হয়, কাজেই গোটা কাহিনি জুড়েই বরদার জন্য বরাদ্দ থাকে দ্বিতীয় স্থান।

অবশেষে বরদাকে আমরা 'ভূতান্বেষী' বলবো নাকি একজন গল্প বক্ত বলবো সেটা নিয়ে মতভেদ থাকবেই। তবে, আমরা যারা বরদার অনুরাগী শ্রোতা-পাঠক, আমরা তার মাথায় কী আছে তার ধার ধানি না, আমরা আমরা তার মনে দানা বেঁধে উঠতে থাকা আপাত অসম্ভব গল্পগুলো শোনার জন্য দাবী জানাতেই পারে।

পড়াশোনায় মনোযোগ বাড়ানোর উপায়

প্রিন্স বিশ্বাস,
অধ্যাপক, শিক্ষা বিভাগ

আমরা বড়োরা বাড়ির ছোটদের প্রায়ই বলে থাকি মনদিয়ে পড়তে অথবা পড়াশোনায় মনোযোগ দিতে। আঙ্ক সলে পৃথিবীর বেশির ভাগ শিশুদের পড়াশোনা করতে মন চায় না। একজন শিক্ষার্থীকে প্রতিদিনই নিয়ম করে বেশ কয়েক ঘণ্টা পড়াশোনা করতে হয়। আবার অনেকের পড়লেও মনে থাকে না। আবার অনেকে দীর্ঘ সময় ধরে পড়ায় মনোযোগ রাখতে পারে না। যারা মনকে কেন্দ্রীভূত করে দীর্ঘ সময় একনাগাড়ে পড়াশোনা করে নিঃসন্দেহে তারা একাডেমিক পরীক্ষায় কিংবা চাকরির ক্ষেত্রে সফল হবেন। বাস্তবিক অর্থে একজন সফল ছাত্র ও একজন ব্যর্থ ছাত্রের পার্থক্য এখানেই। পড়াশোনায় দীর্ঘক্ষণ মনোযোগ ধরে রাখার কিছু বৈজ্ঞানিক উপায় নিয়ে আলোচনা করা হলো।

শিশুকে ইলেকট্রনিক গ্যাজেট থেকে দূরে রাখুন

ইলেকট্রনিক ডিভাইস বিশেষ করে মোবাইল ফোন বর্তমানে পড়াশোনার ক্ষেত্রে একটি বড় বাধা। গবেষণায় দেখা গেছে, সোশ্যাল মিডিয়া ব্যবহারকারীদের মস্তিষ্ক খুব বিক্ষিপ্ত অবস্থায় থাকে। ফেসবুক, ইউটিউ ব্যবহারকারীরা কোনো বিষয়ে বেশিক্ষণ মনোনিবেশ করতে পারেন না। কিছু ক্ষেত্রে তা মস্তিষ্কের কার্যক্ষমতা কমিয়ে দেয়। দীর্ঘসময় পড়াশোনা করতে চাইলে শুরুতেই ডিভাইস দূরে রেখে সোশ্যাল মিডিয়া ছেড়ে অফলাইনে থাকতে হবে, যাতে মনোসংযোগে কোনো রকম বিঘ্ন না ঘটে। মস্তিষ্ক সম্পূর্ণ ফ্রি না থাকলে পড়াশোনায় দীর্ঘক্ষণ মনোনিবেশ করা সম্ভব নয়।

লক্ষ্য স্থির করুন

একটি সুদূরপ্রসারী লক্ষ্য ঠিক করতে হবে এবং সে অনুযায়ী পড়ার পরিকল্পনা করতে হবে। প্রয়োজনে একটি দীর্ঘ লক্ষ্যকে কয়েকটি ভাগে ভাগ করে সামনে এগিয়ে যেতে হবে। যেমন- আগামী ছয় মাস পর যদি কোনো পরীক্ষার তারিখ থাকে এবং লক্ষ্য থাকে যদি সম্পূর্ণ সিলেবাস শেষ করা। তবে প্রথমেই সম্পূর্ণ সিলেবাসকে কয়েকটি ভাগে ভাগ করে নিতে হবে। এ ক্ষেত্রে দৃঢ়প্রতিজ্ঞ হতে হবে যে, আমাকে প্রথম সপ্তাহে এই এই টপিক পড়ে শেষ করতে হবে। লক্ষ্যের প্রতি অবিচল না থাকলে পড়ায় মনোযোগ ধরে রাখা যাবে না।

খাদ্যাভ্যাস পরিবর্তন করা

খাদ্যাভ্যাস একজন ছাত্রের মনোযোগ বৃদ্ধির জন্য খুব গুরুত্বপূর্ণ। জাঙ্ক ফুড ও অতিরিক্ত তেলে ভাজা খাবার বর্জন করা ও সহজপাচ্য খাবার গ্রহণ করা শরীরের জন্যও উপকারী। আমাদের দেশের প্রেক্ষাপটে মৌসুমি ফল খাওয়া শরীরের জন্য খুবই উপকারী। দীর্ঘসময় পড়াশোনা করার জন্য আমাদের খাদ্যাভ্যাসের ও পরিবর্তন নিয়ে আসতে হয়। তা ছাড়া অতিরিক্ত খাবার গ্রহণ শরীরে ক্লান্তি ও ঘুম ঘুম ভাব সৃষ্টি করে। পড়ার টেবিলের পাশে জলের বোতল নিয়ে বসলেও ভালো।

প্রয়োজনীয় সবকিছু হাতের কাছে রাখা

পড়তে বসার আগে সব কাজ শেষ করে ও প্রয়োজনীয় সবকিছু পাশে রেখে তারপর পড়াশোনা করা উচিত, যাতে আর বারবার উঠতে না হয়। যেমন কেউ পড়তে বসল হঠাৎ করে মনে হলো তার কাছে নীল কলম নেই, এরপর সে এই কলম সংগ্রহ করার জন্য আবার টেবিল ছেড়ে উঠে গেল। এভাবে বারবার পড়া ছেড়ে উঠলে পড়াশোনায় বিঘ্ন ঘটে। আবার নতুন করে পড়া শুরু করতে হয়।

পড়ার পরিবেশ তৈরি করা

কোন খেলা খেলতে গেলে যেমন খেলার স্থান উপযুক্ত হতে হয়। তেমনি পড়ার জন্য, প্রয়োজন পড়ার পরিবেশ। দীর্ঘসময় পড়ার জন্য একটি উপযুক্ত পরিবেশ তৈরি করা চাই। পড়ার স্থানটি কোলাহল মুক্ত ও জঞ্জাল মুক্ত হওয়া প্রয়োজন। এর পাশাপাশি পর্যাপ্ত আলোর ব্যবস্থা ও থাকা দরকার। পড়ার টেবিলটি গোছানো হলে পড়ায় মনযোগ দেওয়া সহজ হয়। পড়তে শুরু করার আগেই কী কী বিষয় পড়া হবে, তা ঠিক করে সেসব বিষয় হাতের কাছে রেখে পড়া শুরু করতে হবে।

চাই পর্যাপ্ত ঘুম ও শারীরিক ব্যায়াম

প্রত্যেকের দৈনিক ৬-৮ ঘণ্টা ঘুম শরীরের জন্য অত্যন্ত দরকারি। বর্তমানে অতিরিক্ত ইলেকট্রনিকস ডিভাইস ব্যবহার করার কারণে দেরি করে ঘুমানোর একটি অভ্যাস ছাত্রদের মাঝে প্রবল আকার ধারণ করেছে। মস্তিষ্ক ঠান্ডা রেখে দীর্ঘসময় পড়াশোনার জন্য পর্যাপ্ত ঘুম দরকার। রাতে কোনো কারণে ঘুমের বিঘ্ন ঘটলে আমাদের উচিত অন্য কোনো সময় ঘুমিয়ে শরীর ঠিক রাখা। চিকিৎসকদের মতে, ঘুমের অভাব মানুষের মস্তিষ্কের কার্যক্ষমতা কমিয়ে দেয়। শারীরিক ব্যায়ামও একজন মানুষের জন্য অত্যাবশ্যক। বিশেষ কারে ঘুম থেকে ওঠার পর কিছু হালকা এক্সারসাইজ শরীরকে সারা দিন চনমনে রাখতে পারে। এর পাশাপাশি যদি খেলার সুযোগ থাকে তাহলে তা করা উচিত। খেলাধুলা মানুষের মস্তিষ্ক চাঙ্গা রাখে, যা পড়াশোনা করার জন্য খুবই দরকারি।

টেবিলে বসার অভ্যাস করা

দীর্ঘসময় পড়াশোনা করা একটি অভ্যাসের ব্যাপারও বটে। হঠাৎ করে এ অভ্যাস রপ্ত করা যায় না। বলা হয় যে, নতুন কোনো অভ্যাস রপ্ত করার জন্য টানা ২১ দিন সে নতুন অভ্যাস অনুযায়ী চলতে হয়। ২১ দিন কোনো কিছু টানা করলে তা অভ্যাসে পরিণত হয়। শুরুতে পড়াশোনায় মনযোগ আসে না।মনযোগ না আসলেও টেবিল ছেড়ে ওঠা যাবে না। বই বা পড়ার বিষয়বস্তু নিয়ে টেবিলেই বসে থাকতে হবে। একসময় তা অভ্যাসে পরিণত হবে এবং পড়ায় মনঃসংযোগ তৈরি হবে। বিখ্যাত অনেক লেখকেরাও ঘণ্টার পর ঘণ্টা টেবিলে কিছু না লিখে বসে কাটিয়েছেন। এটা শুধু মনের একাগ্রতা তৈরি করার জন্য।

নিয়মিত সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করা

নিয়মিত সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করার মাধ্যমে মনকে কেন্দ্রীভূত করা যায় এবং একাগ্রতা বাড়ে। শিশুদের নিয়মিত ধ্যান, যোগা, নামাজ পড়া বা অন্যান্য ধর্মের হলে নিজ নিজ উপায়ে প্রার্থনা করা উচিত। পড়াশোনার পাশাপাশি ধর্মীয় প্রার্থনা যে কোনো ব্যক্তির মনে প্রশান্তি তৈরি করে, যা দীর্ঘক্ষণ পড়াশোনায় সহায়ক।

R. K. Narayan's Malgudi: A Fictitious Town located in Colonial History

Pritha Chatterjee
Faculty, Department of English

Introduction:

R. K. Narayan (October 10, 1906 – May 13, 2001) is unquestionably one of the most well-known Indian authors writing in English. He is one of those lucid, discerning storytellers whose stories inevitably make their way to Indian school text books. Any academic course in Indian literature in English is practically unimaginable without at least one of his novels. Moreover, with the Hindi version of the screen adaption of *The Guide* in 1965 attaining a cult stature, and also the abiding popularity of the television series, "Malgudi Days," in the late 1980s, R. K. Narayan became a familiar name in almost every Indian middle class household of the last century far beyond the limits of academic and literary readership. Besides, in comparison with two of his most significant and absolutely brilliant contemporaries, Mulk Raj Anand (December 12, 1905 – September 28, 2004) and Raja Rao (November 8, 1908 – July 8, 2006), whose names are almost always uttered in the same breath with that of his own, Narayan is also the most pleasantly readable. The dignified simplicity of his language, which is generally considered to have an Indian "twang", the easy-going, humorous style of his writing and the graphic depiction of common, ordinary characters and their otherwise mundane lives, punctuated with sudden dramatic encounters and experiences, make him one of the most widely-read and beloved English authors of India. Above all, after more than two decades of his death well into this twenty first century of glamour and dazzle he is still fondly remembered by his readers as the creator of Malgudi, or, more precisely, as 'the old man of Malgudi', the small fictitious town in the southern part of India, which emerged during the colonial period and continued to thrive in post-Independence era.

Malgudi – R. K. Narayan's Locus Standi:

R. K. Narayan is surely not the only writer to create a fictional space to accommodate his own creative insights into and representations of human life. In this regard he is commonly clubbed with writers such as William Faulkner, Thomas Hardy, Arnold Bennet and Gabriel Garcia Marquez. But, in spite of this apparent similarity, all these writers are very different from one another in their respective authorial intention behind creating such a space. For example, Marquez utilizes his fictitious setting of Macondo to deploy his own brand of magic realism to address the absurdity of Latin American existence; whereas, Hardy's Wessex novels, steeped in a strong regional flavor, offers a starkly realistic representation of rustic, working class life of south-western England which intrigued the contemporary Victorian readership. Even in the context of Indian literature in English, Narayan's immediate coeval Raja Rao too employed this strategic tool of an imaginary setting in *Kanthapura* (1938). But, while Rao's Kanthapura, a fictional village in south India, becomes a transcendental utopian space of solidarity subsumed in Gandhian idealism, R. K. Narayan's Malgudi remains embedded in the mundane history and geography of a rather obscure part

of southern India from the late colonial era of the 1930s to the arrival of globalization in the 1990s. This very historicity of Malgudi adds to its dynamism which enables Narayan to locate all but one of his fifteen novels and most of his short stories, with all their varied appeals, in and around Malgudi.

Malgudi – A Semi – Urban Town in the South of Colonial India:

R. K. Narayan's first novel *Swami and Friends* was published in 1935 introducing the readers for the first, time to this invented space called Malgudi, a small town, situated somewhere around the Madras Presidency and the Princely State of Mysore in British India. It means that even if we can never vouch for the exact geospatial location of this fictional town on the cartographic image of our country, we can definitely identify the temporal space occupied by Malgudi in the colonial history of India. Malgudi has no space, but it has time. It is of profound import that among all the graphic depictions of the town, the small station of Malgudi would become one of the most iconic illustrations with its unassuming platform by the railway track. For the railways were, perhaps, the singular predominant pan Indian trope of British imperialism and colonial modernity. Malgudi is, therefore, similar to most of the not so old semi-urban towns which got alienated from the vast expanse of the rest of the rural agrarian country by dint of an inherently truncated form of westernization, yet could not transform into fully developed orderly urban spaces because of persistent colonial exploitation. The railway track here signifies this dichotomy of westernization and exploitation, connection and alienation.

Apart from the railway station the two other iconic structures of Malgudi, namely the Albert Mission College and the statue of Sir Frederick Lawley, are also imposing symbols of the British rule in India. Sir Frederick Lawley, a nineteenth-century British Architect, who created the town of Malgudi by combining a few villages, can easily be seen as a fictional recreation of Arthur Lawley who was the real governor of Madras in 1905. We all know that all the major colonial towns of India, Calcutta, Madras, Bombay and New Delhi, were founded in a similar fashion by early colonial adventurers or architects. In this regard the origin of Malgudi is identical with all of these cities.

The second formidable edifice of Malgudi, the Albert Mission College, exemplifies the pedagogical aspect of the empire. In the Albert Mission school little children like Swami are regularly taught the larger than life achievements of the early colonial explorers and adventurers like Vasco da Gama and Christopher Columbus who changed the history of the world. The innate absurdity of this colonial education system is particularly underscored in the tragic tale of Iswaran. He stoically endured every humiliation for years to pass the Intermediate examination. Instead of earning respect from his class mates for his unflinching tenacity, Iswaran was treated 'as a sort of thick-skinned idiot'. Finally, when he accomplished the impossible task and passed his examination, he, perhaps, lost the very purpose of his life and in a state of hallucinatory stupor killed himself by drowning in the river Sarayu.

The Map of Malgudi:

We do not have Malgudi on the map. But that does not mean that Malgudi has no map of its own. The old-fashioned pictorial map of Malgudi, as it used to be before the independence, is, however, also a work of fiction and a cartographical one. It was Dr. James Fennelly of New York's Adelphi University who compiled the map as an illustration to a scholarly article written by him entitled "The City of Malgudi as an Expression of the Ordered Hindu Cosmos". He read the article in the American Academy of Religion

in 1978. Whether we agree with his argument as evinced in the title, it goes without saying that the map is an extremely useful guide to the socio-historical scenario of the town. Even R. K. Narayan himself was impressed with the work to such extent that, with the consent of Fennelly of course, he published it in the front of his 1981 edition of *Malgudi Days.*

Now, if we have a close look at the map, we can see the Albert Mission College, the Ishwara temple, the Welcome restaurant, Palace Talkies, the cinema hall of the town. Following Charles Nicholl (2011), if we can imagine ourselves walking west along the Market Road, we will pass by Dr. Pal's Tourist Bureau, the local office of the *Madras Daily Messenger*, and then the statue of Sir Frederick Lawley, the former British Governor, after whom the Lawley Extention housing project is named. The river Sarayu flows to the north of the town somewhat securing the physical margins of the urban space. For near the river there is a village of the untouchables, where Gandhi stayed on a visit to Malgudi in 1937. There is also the Sunrise Picture Studios, where Mr. Sampath, the printer, made an unfortunate venture into the film industry. At the northern end of the town beyond the river rise the Mempi Hills, with tigers and forests and hidden temple-caves.

The map is quite interesting as there is nothing there which is redundant or which does not have a bearing on the emergence of Malgudi as an essentially colonial town. The river Sarayu with a mythical name alluding to the legendary kingdom of Ayoddhya and the exotic and wild Mempi Hills are not mere natural embellishments. These are the material exigencies. The very fact that Malgudi is located at the bank of a river implies an agricultural past of the region. May be, there are still farmers tilling their lands at the outskirts although gradually receding with the advance of the town. In *The Guide* published in 1958 just a decade after the independence we get a flitting nostalgic glimpse of how life was simpler for an older generation who lived in a primarily agrarian society infused with traditional culture. Raju's father had a little grocery shop where farmers on their way home stopped to chat about the weather and crops. Raju also remembers that as a child he went to sleep every night listening to the folk tales and the stories from the *Ramayana* and the *Mahabharata* which his mother knew by heart.

The Mempi Hills too speak of a more ancient, wild and ascetic history of mankind with its tigers and hidden caves. In the time of the stories, however, the Hills attract the attention of archeologists and tourists generating employment for people like Raju as guides. The hunting of man-eaters from the forest also adds to the thrill and adventure of an otherwise humdrum town life.

As the map suggests, Malgudi is not a static space. It evolves with time following the convoluted course of history. As A. Hariprasanna (1994) in *The World of Malgudi: A Study of R. K. Narayan's Novels* rightly observes, Malgudi "lives and grows and develops from novel to novel, from the early thirties to the early nineties." (Hariprasanna 23)

The People of Malgudi:

R. K. Narayan had probably had a deeper understanding of the impact of the British colonial rule in India than he is generally credited for. India's natural and human resources continued to be exploited for the industrial expansion of England and, except for some small industries catering to British commerce, India's own industrial growth was stunted. Agriculture also suffered. With the iron fist of the colonial extortion on the one hand and the burden of the western ethos, artificially superimposed on the feudal base of the Indian agrarian society, on the other, resulted in the emergence of the hybrid forms of towns and villages

with the inhabitants caught between the contradictory pulls of tradition and modernity. Malgudi is a typical example of such a hybrid town which carries all the symptoms of an uncalled for surgical transplantation in its body. It has its doctors, lawyers, English teachers as well as astrologers. In Malgudi there are characters with rather unconventional occupations as well. For example, Raju is a tourist guide who later becomes an event organizer. But the traditional sweet vendors, small shack owners and even money lenders are also to be found. These people, however, are having a hard time to cope with the changing times. Some of them are even devising ingenious methods to keep their business running.

Unlike Rao's kathapura, a thoroughly traditional village stratified in terms of caste, Narayan's Malgudi, a hybrid town, is apparently drawn by class. This class consciousness is prevalent even among the children of Malgudi. In *Swami and Friends*, Swaminathan, the boy protagonist, who never flinches from questioning the absurdities of the adult world, cannot help observing the contrast between the posh locality of Rajam's house and the dingy neighborhood of Keelacheri where he goes looking for the coachman's son. Nevertheless, Malgudi also could not get rid of the evils of the traditional caste system as there are still the untouchables living in the ghetto at the margins of the town.

In Malgudi we find neither capitalists nor proletariat. There are no factories, big or small, around Malgudi. There are small businessmen, agents, shop owners, Insurance and family planning officials, printers, taxidermists, archeologists, circus managers, script writers, actors and petty film makers along with respectable middle class professionals and white collar job holders. None of these people have any direct contribution or even connection with the agricultural or industrial production of the country. They chiefly belong to what is now called as the service sector. The inhabitants of Malgudi are small people of small town or to quote V. S. Naipal, 'small men, small schemes, big talk, limited means'. They constitute the middle class or, more precisely, the petit bourgeoisie of India. Away from the hegemonic conflict between the colonial masters and the bourgeois nationalists during the late colonial era, this bigger chunk of the Indian people was busy trying and making its way up the social ladder. These are the people who occupy a grey and, somewhat, unheroic chapter in Indian history which could only be redeemed by the creative humility which is so natural to Narayan.

Works Cited

Hariprasanna, A. *The World of Malgudi: A study of R. K. Narayan's Novels.* Prestige Books, 1994.

Naipaul, V.S. "The Master of Small Things". *Time Magazine,* June 11, 2001, https://time.com/archive/6952556/the-master-of-small-things-2/

Narayan, R.K. *Malgudi Days.* Indian Thought Publications, 2019.
-----The Guide. Indian Thought Publications, 2007.

Nicholl, Charles. "Rereading: R. K. Narayan". *The Guadian,* May 14, 2011, https://www.theguardian.com/books/2011/may/14/rk-narayan-malgudi-south-india

গতি

রাখী সাহা
স্নাতকোত্তর, বাংলা বিভাগ

পাতায় পাতায় দুরন্ত গতি,
আবছা আবিল মাখা রাত।
মন কেমনের পারাবারে,
উথাল পাথাল জীবনের কারাগারে,
জাগে প্রকৃতিতে হারানোর বাসনা,
মেঘের খেলায় ডুব দিয়ে চারপাশ আনমনা।
উচ্চ-নিম্ন স্তরগুলো বাতাসে ভাসে,
দলা পাকানো মনের অসুখ উগড়ে আসে।
বর্ষায় ভিজে দুটি কাক প্রেমের স্বাদে মেতে,
হাঁটতে হাঁটতে চোখ চায় সেই দৃশ্যে মেতে,
টুপটাপ বৃষ্টি দেয় তাদের সঙ্গ,
দুনিয়ায় দেখা যায় মুখোশধারীর রঙ্গ।

ঝুম বৃষ্টি

পুরনো পশলা বৃষ্টি আঝোরে
যে ছাতা পৃথিবীর আন্দোলনে হারিয়েছে,
পাওয়া গেছে বন্ধ এক বাক্সে,
প্রয়োজনের তাগিয়ে হাত বদল হয়,
রাস্তা চেনা হয় তার।
বৃষ্টি চেনে শব্দ চেনে।
আশ্রয়ের কাজ করে...
বাতাস এসে ছাতা ভেঙে ফেলে,
জড়ায় এক ভিখারিনীর জীর্ণ আঁচলে,
আঁচল তো নোংরা ধুলো,
বড়ো সাহেব-সুবোর ঘেন্না হয়,
ছাতাটা নিতে চায় না...
এখন বাসস্থান খোলা আকাশের নীচে,
যেখানে অমাবস্যা ভুক চাঁদের উদয়!

কালো সিঁদুর

রাণু অধিকারী
প্রাক্তনী, স্নাতকোত্তর, বাংলা বিভাগ

সিঁথির টকটকে সিঁদুর মেয়েদের সবচেয়ে বড় সম্মান-প্রতীক বা Status Symbol। এই রাঙা রঙের আড়ালে সধবার জীবনচিত্রটি উনিশশতকের বিভিন্ন নারী লেখিকাদের লেখায় আমরা পেয়ে থাকি। যেমন, রাসসুন্দরী দেবীর 'আত্মকথা' (১৮৭৬)। এই বইটির আলোচনা প্রসঙ্গে দীনেশচন্দ্র সেন জানিয়েছিলেন, ''... কবি বা উপন্যাসিক যে স্থান হইতে বিদায় গ্রহণ করিয়া থাকেন, রাসসুন্দরী সেই স্থান হইতে কথা আরম্ভ করিয়াছেন। কোন পুরুষ প্রতিভাবলেও রমনী হৃদয়ের গূঢ় কথার এমন আভাস দিতে পারতেন কিনা সন্দেহ।' লেখাপড়ার জন্যই লেখাপড়া শেখার ইচ্ছে হতেও পারে কোনও নারীর—এই অকথিত কথাটুকু বুঝতে চাননি সেযুগের নারী প্রগতিবাদী মানুষ। কারণ তাঁদের মতে রাসসুন্দরী দেবী 'নভেল নাটক পড়িবেন বলিয়া নহে... 'চৈতন্য ভাগবত' পড়িতে পারিবেন বলিয়াই লেখাপড়া শিখিবার জন্য তাঁহার এত আগ্রহ।''

'উনিশ শতকের দ্বিতীয়ার্ধের বাংলা সাহিত্যে নারীর নতুন ভাবমূর্তি অঙ্কনে ও দাম্পত্য সম্পর্কের নতুন আদর্শ স্থাপনে সাহায্য করে'—এই মন্তব্য করেছেন একজন গবেষক, 'বাঙালী নারী' বিষয়ে গবেষণা করে। এই মন্তব্য সঠিক, কিন্তু সেই 'ভাবমূর্তি পুরুষের স্বার্থে পুরুষের কল্পনার সৃষ্টি, তার সঙ্গে না আছে নারীর বাস্তবের বদ্ধ জীবন-পরিবেশের যোগ, না আছে সেই বদ্ধতা থেকে মুক্তি পাবার কোনো পথনির্দেশ। উনিশ শতকের প্রধান উপন্যাসিক বঙ্কিমচন্দ্রের নায়িকারা প্রায়শই ঘর ছাড়ে, আবার ঘরে ফিরেও আসে, সূর্যমুখী, শৈবালিনী কিংবা ইন্দিরা কিংবা প্রফুল্ল—এইসব স্বইচ্ছায় অনিচ্ছায় ঘরছাড়া মেয়েদের নানান ছলে-বলে-কৌশলে পুর্নবার ঘরে প্রতিষ্ঠা করতে কখনও ভোলেন না বঙ্কিমচন্দ্র। কিন্তু বাস্তবে কি তাই হয়? একবার যে মেয়ে ঘরের বাইরে বার হয়, আর কি ফিরে আসা হয় তার? রামের আদর্শ কি ভুলতে পারে সে যুগের বাঙালি পুরুষ? সীতা তো সেই অর্থেই সমস্ত নারীর আর্কেটাইপ-সতীত্বের গৌরবে গরবিনী সীতার নিজের কোনো ঘর নেই! মেয়ে মাত্রেই চির উদ্বাস্তু, চির-নির্বাসিত। বঙ্কিমচন্দ্রের উপন্যাসে সধবার পতিভক্তিই রূপায়িত হয়েছের অত্যধিক। অবশ্য তাঁর কলমে পতিরাও পত্নীপ্রেমে কম যান না কিছু, মাঝে মাঝে শুধু অন্য নারী বিষয়ে 'মোহ' জন্মায়—এই যা। কুন্দননন্দিনীর প্রতি নগেন্দ্রর কিংবা রোহিনীর প্রতি গোবিন্দলালের মনোভাব অভ্যস্ত খাবারের মধ্যে মাঝে মাঝে একটু-আধটু মুখ বদলানো শুধু, তাঁদের সেই সামান্য বিলাসটুকুর জন্য কুন্দনন্দিনী কিংবা রোহিনীকে প্রাণ দিতে হয়—কিন্তু তাতে কী আসে যায়। ভ্রমর তার খুনি স্বামীকে ক্ষমা করেনি, কিন্তু রোহিনীকে পতিতালয়ে পাঠিয়ে গোবিন্দলাল যদি ফিরে আসতেন ভ্রমরের কাছে তবে অবশ্যই তিনি ক্ষমার যোগ্য হতেন, সমস্যা তো শুধু কুন্দনন্দিনী কিংবা রোহিনী বিধবা বলে, কুমারী হলে দুই বিবাহ তো বঙ্কিমচন্দ্রের কাছে কোনো সমস্যা নয়। বরং তার উপন্যাসের নায়িকারা বিধবা-বিবাহ সম্পর্কে আক্ষেপ জানালেও বহুবিবাহ বিষয়ে কোনো মন্তব্যই করেনি। ইন্দিরার জবানিতে বঙ্কিমচন্দ্র জানিয়েছেন, ''যাহারা বলে বিধবার বিবাহ দাও, ধেড়ে মেয়ে নাহলে বিবাহ দিও না, মেয়েকে পুরুষমানুষের মত নানা শাস্ত্রে পণ্ডিত কর, তাহারা পতিভক্তি তত্ত্ব বুঝিবে কি? দেবী চৌধুরানী প্রফুল্ল হয়ে ফিরে গিয়ে ঘাটে বাসন মাজতে বসল, 'কেহ জানিল না তাহার অক্ষর-পরিচয় আছে। গৃহধর্মে বিদ্যাশিক্ষার প্রয়োজন নাহি।' প্রফুল্লর সংসারে সতীন সমস্যা নেই, সে বলে 'আমি একা তোমাকে ভোগদখল করিব না।' এইভাবে বঙ্কিমচন্দ্র মেয়েদের দিয়েই বলিয়ে নিয়েছেন বিধবাবিবাহ বাল্যবিবাহ স্ত্রীশিক্ষা বিষয়ে প্রতিকূল কথা। লিঙ্গ রাজনীতির (Gender Politics) এই কি চূড়ান্ত নিদর্শন নয়?

গ্রন্থ ঋণ

১. রাসসুন্দরী দেবীর 'আত্মকথা' (১৮৭৬) ২. দীনেশচন্দ্র সেন 'আমার জীবন' ৩. রাজশ্রী বসু 'মানবীবিদ্যা'

অন্তিম প্রার্থনা

রীতম পাল
স্নাতকোত্তর, বাংলা বিভাগ

লোডশেডিং হলে সমস্ত কৃত্রিমতা নিভে যায়
পথ হারানোর আর কোনো দায় নেই,
মৃত নক্ষত্রের মতো ভেসে থাকি দূরে
মায়াবী জ্যোৎস্না ছড়িয়ে দেয় আধখানা চাঁদ।
যেন শব্দের মতো মিশে যায় হওয়ার শরীরে,
ভেসে বেড়ায় নিছক কোনো মেঘের মতো
পাহাড়ি কোনো নদী বয়ে গেলে শব্দ হয়!
কিন্তু সম্পর্কের পতনে কোনো শব্দ নেই।
তবুও তোমার শরীর বেয়ে উঠে যেতে দাও
ছাদের ওপর হৃদয়ের মত মস্ত আকাশ,
পূর্ণিমার চাঁদ এখনো কিছুটা রয়েছে।
আবছা আলোর মতো ছুঁয়ে যাবো শুধু
সমস্ত শিরা বেয়ে নেমে আসে শীত।
কথা দিচ্ছি, কোনো শব্দ হবে না!
হওয়ার সঙ্গে মিশে গেছে সময়,
পথ নেই আর, তুমি আছো শুধু
নীচ থেকে খুলে দাও দরজা
উঠে যেতে দাও সিঁড়ি বেয়ে ওপরে।
চিলেকোঠার ছাদে এখনো কিছুটা
আগামীর রাত্রি নামা বাকি আছে।

কলেজের শিক্ষামূলক ভ্রমণ

সাইদা খাতুন
প্রাক্তনী, স্নাতকোত্তর, বাণিজ্য বিভাগ

মার্চ মাসের মাঝামাঝি সময়কার কথা। তখন আমরা আমাদের প্রধান অধ্যক্ষা মহাশয়ার কাছে কলেজের শিক্ষামূলক ভ্রমণের আবেদন নিয়ে গিয়েছিলাম। অনেক ভাবনা-চিন্তা করার পর জায়গাটি ঠিক হল—ডুয়ার্স।

পূর্ব হিমালয়ের পাদদেশে পশ্চিমবঙ্গ ও আসামে এই অঞ্চল যা ভূটান-ভারতের যোগাযোগ স্থল, একে আবার ভারতের পূর্ব প্রবেশদ্বারও বলা চলে।

তিস্তা, তোর্সা, জলঢাকা নদী, পর্বতবৃন্দ, সবুজে ঘেরা সৃজনশীল পরিবেশ একদম মন্ত্রমুগ্ধ করেছিল। আমাদের শিক্ষামূলক ভ্রমণের দিন ঠিক হল ৬-১১ মে (২০২৪ সাল)। অনেক কষ্টে বাবা-মাকে রাজি বারানোর পর মাত্রার তোরজোড় শুরু করলাম। ছাত্রজীবনের শেষকালে এসে এই সুযোগ হাতছাড়া করা যায়? যাবেই না, এ যেন আমাদের সকলের কাছে একটি বিরাট ব্যাপার! বন্ধুদের সাথে ৪দিন একসাথে মজা করার এইরকম একটি সুযোগ তো আর, জীবনেই পাওয়া যেত না, মেয়েমানুষ, ৪ দিনের জন্য তাও আবার নাকি বন্ধুবান্ধবদের সাথে! বাবা-মার তো কল্পনারই বাইরে। তবুও আমার মা আমার পাশে দাঁড়িয়ে আমাকে যেতে সাহায্য বারেছে।

আমাদের কলেজের শিক্ষক-শিক্ষিকারা মূলত প্রধান অধ্যক্ষা মহাশয়া যেভাবে আমাদের পাশে থেকেছেন, সাহায্য করেছেন, তা বলা বাহুল্য।

আমরা মোট ২০জন ছাত্রছাত্রী এবং ২জন প্রফেসর আমাদের সাথে যাওয়ার কথা ঠিক হয়েছিল। সেক্ষেত্রে অধ্যক্ষা মহাশয়া মেয়েদের নিরাপত্তার ক্ষেত্রে খুবই প্রখর দৃষ্টিপাত করেছিলেন। হোস্টেল বুকিং, স্পট ভিজিট, খাওয়া-দাওয়া ইত্যাদি বিষয়ে বিশেষ লক্ষ্য রেখেছিলেন।

উৎসাহময় রাত এসে উপস্থিত হল, ৬ মে ২০২৪, বাবা-মাকে ছেড়ে যেতে খুবই খারাপ লাগছিল ঠিকই, কিন্তু বন্ধুদের সঙ্গে কলেজ লাইফে শেষ ঘুরতে যাচ্ছি—তার উত্তেজনাটাই আলাদা।

আমরা সময়মতো শিয়ালদহ স্টেশনের জন্য রওনা দিয়েছিলাম ঠিকই, কিন্তু স্টেশনে পৌঁছাতে না পৌঁছাতেই ছমছমিয়ে বৃষ্টি নেমে গেছিল। সকলে মিলে ওই বৃষ্টিতেও সেল্ফি তোলা, নিজেদের মতো মজা করা কিন্তু আমরা ভুলিনি।

হঠাৎ-ই দেখলাম প্রিন্সিপাল ম্যাম হাতে একহাঁড়ি রসগোল্লা নিয়ে উপস্থিত হলেন আমাদের সি-অফ করতে। সেদিনই ঈশিতা ম্যামের সঙ্গে প্রথম আলাপ। তখন ম্যামকে দেখে এটা ভাবতেই পারিনি উনি আমাদের এতটাই আপন করে নেবেন যে, যখন আমরা ১১ তারিখ শিয়ালদহ স্টেশনে ফিরব, সবচেয়ে বেশি ওনার জন্যই আমাদের খারাপ লাগবে। ভাবতে পারিনি ৪ দিনের পরিচয়ে আমাদের নিজের হাতে করে খাইয়ে দেবেন। ম্যামের হাতে খাওয়াটা আমাদের সমূলর কাছেই সবচেয়ে প্রিয় স্মৃতি হিসেবে থেকে যাবে।

বেজে গেল রাত ৮.৩৫। শিয়ালদহ স্টেশনে কাঞ্চনকন্যা এক্সপ্রেস ঢুকে গেল। আমরা বাবা-মা'র সঙ্গে দেখা করে ট্রেনে উঠে উঠে পেলাম। ট্রেনে শুরু হল সুরোজিৎ ও প্রতীমের নাচ। আমাদের সবার সিট বিভিন্ন জায়গায় থাকলেও আমরা

সকলেই একই কর্মপার্টমেন্টে একে-অপরের কোলে বসে-দাঁড়িয়ে, নাচ পান করতে করতে অনেকটা রাস্তা পেরিয়ে গেলাম। এরপর রাতের খাবার সময় হয়ে এল, আমরা যে যার বাড়ি থেকে। যা খাবার নিয়ে গেছিলাম সব ভাগভাগি করে খেলাম। রাতে হঠাৎ আমার খোঁজ পড়া শুরু হল কেননা আমি আগে ঠিক করেই গেছিলাম, যে ঘুমাবো না, আরও যারা সুমাবে না, তারাও আমার সঙ্গী হল, এবং আমরা সকলে মিলে সারারাত গল্প করলাম, লুডো খেললাম। আমরা ভেবেছিলাম রাতটা খুব ইয়ারকি-ফাজলামি করেই কাটাব, যেহেতু ম্যাম আমাদের মধ্যে সবচেয়ে অভিজ্ঞ, তিনি তাঁর ছাত্র জীবনের অনেক অভিজ্ঞতার ঘটনার কথা আমাদের শোনালেন। রাতের প্রথমদিকটা বেশ ভালোই কাটছিল, হঠাৎ শুরু হল সুপ্রিয় এবং সৌমোদীপের ফাজলামি।

ফ্রায় সকাল হয়েই এল, তখন আর কে ঘুমায়? সকলেই জেগেছিলাম এবং মনোরম প্রকৃতিকে অনুভব করছিলাম। প্রকৃতি যে এতটাই সুন্দর, তা এর আগে কোনোদিনই এভাবে দেখেনি, চোখ জুড়িয়ে সেছিল। সেই চা-বাগান, পাহাড়, নদী দেখ তে দেখতে চলে এলাম মাদারিহাট স্টেশনে। গাড়িগুলি ঠিক স্টেশনের বাইরেই আমাদের অপেক্ষা করছিল। দুপুর দুটোয় পৌঁছে গেলাম আমাদের যুব-আবাস অর্থাৎ হোস্টেলে, আমাদের মেয়েদের আর ছেলেদের দুটো আলাদা আলাদা ঘর ছিল মানে ডরমিটোরি। আমাদের পাশের ঘরটায় ছিল ম্যামের ঘর। দুপুর তিনটেয় স্নান করে রেডি হয়ে দুপুরের খাবার খেতে সকলে চলে গেছিলাম ডাইনিং লাউঞ্জে। প্রথমদিন তবে বেশি কোথাও না—হালং নদী ও আশেপাশের মার্কেট দেখে নিলাম। ঘুরে আসার পর চায়ের টেবিলে বসে চা এবং পকোড়া খেতে খেতে বেশ আড্ডা হল, তারপর শুরু হল আনতাক্ষরি, আরও বিভিন্ন গেমস সেখানে আমাদের ঈশ্বরস্যারও আমাদের সঙ্গে যোগ দিয়েছিলেন, আমরা সকলেই প্রচুর মজা করেছিলাম। সত্যিই সার ও ম্যামের জন্যই আমরা এতো আনন্দ করতে পেরেছিলাম, ওঁরা যেন আমাদের বন্ধু হয়ে উঠেছিলেন।

৮ মে সকালের জলখাবার সেরে ফেলার পর আমরা রওনা দিলাম রাজাভাতখাওয়া মিউজিয়ামের দিকে। সেখানে গিয়ে আমরা দেখলাম বিভিন্ন পশুপাখি—যাদের দেহ, শিং, চামড়া এবং ডিম সংরক্ষণ করা হয়েছিল কেমিক্যালের দ্বারা, সেখান থেকে বক্সার দিকে বেরিয়ে পড়েছিলাম। বেশির ভাগ রাস্তাটাই আমরা গাড়ি করে উঠেছিলাম এবং তারপর দুকিলোমিটার ট্রেকিং করে উঠেছিলাম। এটিও একটি অন্যরকম অনভূতি দ্বিল। ট্রেকিং করে উঠতে উঠতেই পাহাড়, ছরণা, জঙ্গল, নদী সব দেখতে দেখতে অনেক ছবি তোলা হল। মানে ছেলেগুলোকে একেবারে পাগল করে দিলাম—ভাই, সৌমোদীপ! এখ ানে একটা ছবি তুলে দে! ভাই, অভিষেক তআমি হেঁটে হেঁটে ট্রেকিং করছি, তার একটা ভিডিয়ো করে দে। কিন্তমানতেই হবে আমাদের যেকটা ছেলেবন্ধু ছিল প্রত্যেকোই আমাদের সুন্দর সুন্দর ছবি-ভিডিয়ো করে পুরো ভ্রমণটা চিরস্মরণীয় করে তুলে দিল। এই সব করতে করতেই দুকিলোমিটার পথ আমরা অনায়াসেই অতিক্রম করে ফেললাম। বক্সার পাহাড়ে পৌঁছে ওখানকার জেল, স্বাধীনতা সংগ্রামীদের সেখানে বন্দী করে রাখা হয়েছিল তাও দেখেছিলাম। এবার এখানে বিশেষ একটি কথা ছিল—এই যে, ৮ মে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন ছিল। বক্সা জেলের সঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুর কীভাবে জড়িত তা আমরা সকলেই জানি। তারপর আমরা জয়ন্তী পাহাড়ের দিকে রওনা দিয়েছিলাম, রবীন্দ-জয়ন্তীর জন্যই কিন্তু ৮ মে আমাদের জয়ন্তী পাহাড় ঘোরা হয়েছিল।

তাই এই বক্সা-জয়ন্তী রবীন্দ্রনাথের জন্মবার্ষিকী উপলক্ষ্যে ঘোরার প্ল্যানটি করা হয়েছিল। হোস্টেলে ফেরার পথে তোর্সা নদীতে নেমেছিলাম। সেখান থেকে চিলাপাতা জঙ্গলের সাফারি করে হোসেটল ফিরলাম। চিলেপাতা জঙ্গল সাফারিতে আমরা একটি বাইসন ও একটি গন্ডার দেখেছিলাম। যথারীতি চায়ের টেবিলে আড্ডা এবং তা রাতের খাওয়া-দাওয়ার পর দিনটি শেষ হল।

পরেরদিন সকালে আমরা রওনা দিয়েছিলাম ঝালং নদীর দিকে। সেখানে পরিষ্কার টলটলে জলস্রোত দেখে জলের লোভ সামলাতে না পেরে আমরা সকলে জলে নেমে গেলাম, এমন কি আমাদের কেউ কেউ আবার বড়ো বড়ো পাথরের উপর বসে নদী এবং চারপাশের অপরূপ সৌন্দর্য উপভোগ করতে লাগলাম। ঝালং থেকে বেরিয়ে বিন্দুর দিকে যাব, হঠাৎ বৃষ্টি শুরু হল। চারিদিকে পাহাড়, সাথে বৃষ্টি, উঁচুনীচু ঢেউ খেলানো রাস্তা—এ এক অদ্ভুত ঘটনার সাক্ষী হয়ে রইলাম। ভয়ংকর রাস্তা পার হতে হতেই পৌঁছে গিয়েছিলাম রকি আইল্যান্ড। সেখানে কিছুক্ষণ বসে চা-কফি খেয়ে সামসিং-এর দিকে যাত্রা শুরুব করলাম। কিছুদূর যেতেই দেখি পাহাড়ি রাস্তার ধারে মোমো এবং ম্যাগি পাওয়া যাচ্ছে, ওখনকার লোকাল লোকজন অতি প্রক্রিয়ায় তা তৈরি করে, সেটা আমাদের কলকাতার তুলনায় একটু আলাদা হয়। আমরা লোভ সামলাতে না পেরে মোমো আর ম্যাগি খেলাম, এর সঙ্গে সামসিং-এর সৌন্দর্য তা বলে বোঝানো যাবে না, একদিকে সুন্দর সুন্দর চা-বাগান অপরদিকে পাহাড় এবং চাপরামারি জঙ্গল দেখতে দেখতে আমরা হোস্টেলে ফিরে গেলাম।

দেখতে দেখতে শেষ রাত চলে এল। আমরা মেয়েরা ঠিক করলাম যে আমরা সারারাত ঘুমাবো না। হোস্টেলের বারান্দায় ১২টা নাগাদ শুরু হল কবাডি খেলা, খেলতে খেলতে ক্লান্ত হয়ে যাওয়ার পর ভুক্কর পার্টিরা বেঁচে থাকা চিপ্স-কোল্ড ড্রিংক্স খেয়ে আবার নাচ গান শুরু করল। এই হোস্টেলে কাটানো ওই একটা একটা শেষরাতেই আমি আমার পুরো হোস্টেল জীবন কাটিয়ে ফেললাম। এই মুহূর্তগুলো আমি কোনোদিনও ভুলতে পারব না। দেখতে দেখতে ভোর হল, আমরা জলদাপাড়া জাতীয় উদ্যানের জন্য রওনা দিলাম। সেখানে গিয়ে প্রথমেই একটি সুন্দর ময়ূর দেখেছিলাম। তারপর তো চারদিকে তাকালেই ময়ূর দেখতে পাচ্ছিলাম। তখনই আমি সব পশুপাখির হিসাব রাখতে শুরু করলাম। সেখানে গিয়ে আমরা পঞ্চাশটি ময়ূর, বারোটি বাইসন, পাঁচটি হাতি, একটি হরিণ ও নানান রকম পাখি দেখেছিলাম যাদের নাম আমার জানা ছিল না।

সকালের ব্রেকফাস্ট সেরে ভুটানের দিকে রওনা দিলাম। সেখানে তো আর ও অন্যরকম অনুভূতি অন্য দেশ, অন্যরকম পোশাক-আশাক, অন্য ভাষা যেমন সিনেমায় দেখেছিলাম সেইরকমই হুবহু সব। সেখানে প্রথমে আমরা একটি বৌদ্ধ মঠে, গুম্ফা মঠে গেছিলাম—সেখানে এক সন্ন্যাসীর সঙ্গে আলাপ হল। তিনি আমাদের তাদের পড়াশোনার পদ্ধতি এবং ধর্মের উপাচার সম্পর্কে নানা কথা বললেন। তারপর আমরা রওনা দিয়েছিলাম হ্যাঙ্গিং ব্রীজের দিকে, গোটা ভ্রমণে এটিই আমার দেখা সবচেয়ে সুন্দর স্পট। সেখানে নীচে নদী উপরে আকাশ আর আমরা ঝুলন্ত ব্রীজের উপর এগিয়ে চলেছি, তার অনুভূতি বলে বোঝানো অসম্ভব। ফেরার পথে ভুটানের মোমো খেয়ে স্টেশন পৌঁছে গেলাম। স্টেশনে আসতে না আসতেই সবার মুখ বিমর্ষ হয়ে উঠল। সত্যিই যে মুহূর্তগুলোর সাক্ষী আমরা হয়ে রইলাম, কখনোই ভোলার নয়, কালেজ জীবনের প্রথম এবং শেষ বন্ধুদের সঙ্গে একসাথে ঘুরতে আসার অন্তিম লগ্নে এসে আমরা পৌঁছেছিলাম। আমাদের কারোরই এই মুহূর্তগুলো ছেড়ে যেতে ইচ্ছে করছিল না। যাইহোক, সকলেই আমরা খুব ক্লান্ত ছিলাম, তাই তাড়াতাড়ি খ াওয়া-দাওয়া সেরে ঘুমিয়ে পড়েছিলাম, কখন শিয়ালদহ স্টেশন ঢুকে গেছিলাম—তা টের পায়নি। খুব মন খারাপ হচ্ছিল চারটে দিন সকলে একসঙ্গে থাকা-খাওয়া-ঘোরা এবং সবচেয়ে বেশি মন খারাপ হয়েছিল ঈশিতা ম্যামের জন্য। এই ডুয়ার্স ভ্রমণটি আমার জীবনের সবচেয়ে প্রিয় স্মৃতি হিসেবে রয়ে যাবে এবং এর জন্য আমি আমি আমার কলেজের কাছে কৃতজ্ঞ থাকব। এখানে একটি মানুষের কথা না বললেই নয়—একাধারে বন্ধু হিসেবে ঈশ্বরস্যার কোনো অভাব বোধ হতে দেননি। আমার সকল বন্ধুদের ও এই সফলতার পিছনে অসংখ্য অনুদান রয়েছে বিশেষ করে প্রতীমের।

William Faulkner's *Light in August*
A Discourse on Racial Anxiety in the American South

Dr. Sayantina Dutta
Faculty, Department of English

William Faulkner's fiction depicts the American South, enlarging upon such issues as racial, class, and gender conflicts. In almost all of his novels, he presents the white Southerner's inhuman treatment of blacks through the portrayal of their sufferings. This paper examines Faulkner's novel *Light in August,* focusing on the racial conceptions that shaped the postbellum Southern racial anxieties so vividly depicted in the novel. His work represents one of the richest troves of historically authentic fiction in American literature. The Yoknapatawpha stories span more than a century and a half of history, from 1800 to the 1950s, and they focus on one particular place, Lafayette County, Mississippi, a place whose landscape, people, events, and history all bear strong resemblance to those of the author's imaginary locale. Faulkner took great care to develop a cast of characters, families, landmarks, and folklore, and to envelope them all in a process of change over time. Nearly every work of fiction documents not only the details of ordinary life, especially the speech, its idioms, and dialects, but also the dress, the manners, work, leisure, food, and countless other folk customs.

While speaking about Yoknapatawpha, Robert Penn Warren comments: "The land, the people, and their history – they come to us at a realistic level, at the level of recognition" (qtd. in Doyle 10-11). In his work, Faulkner explores the South's past, raises disturbing questions about it, and, at times, contests some of the fundamental premises on which Southern whites had built their society. He seemed intent on subverting fiction from its historical and social sources. Underlying the gothic grotesque and violence of Faulkner's Yoknapatawpha was a moral tale of universal significance. This was not just about the South, but about the human condition everywhere. Yoknapatawpha was a 'legend' of the South, set in a mythical place with characters whose stories represented universal human predicaments.

The Civil War and Reconstruction shattered the pristine, pastoral world of Southern agrarianism, giving way to materialism, greed, and a general disregard for nature and the human community. In the olden days, there was a South whose virtues rested on closeness to the land and cultivation of the soil. Despite committing the injustices of slavery, the gentry of the Old South were families with a strong code of honour and paternalistic duty, a sense of tradition, family loyalty, and courage. The large majority of the Old South, and the heart of this agrarian society, was the virtuous yeomen class of farmers, the plain folk of the South, who, without great wealth in land or slaves and without education, enjoyed a simple folk community of virtue, also bound by values of family honour. According to Faulkner, the Old South of the

legend is no longer an aristocratic, genteel society; rather, it is a crude frontier where ambitious men of dubious social origin dupe and cast the Indians out of land, clear the forests, break the land, and rapidly raise plantations. White settlers, already having infiltrated the Chichasaw domain trading clothing, shoes, candy, and whiskey with the Indians, now swarm into Yoknapatawpha, disgorging the natives of the land, buying up huge parcels, and converting the former wilderness, full of game and forests, to plantations.

It is a South of savage exploitation of human labour and cruel disregard for human rights, ravaged by reckless abuse of the land. The decline of the Sartoris and Compson families and the ascendance of the Snopeses, in Faulknerian terms, summarize the plot of Southern history. Faulkner is able to create real possibilities for exploring human nature and revealing particular intricacies of social hierarchies in order to expose the origins of oppressive actions by individuals and masses. In a significant departure from the traditions of southern writing, Faulkner wrote narratives that employed a raw, and sometimes brutal, authenticity. His works bring black, white, multi-racial, as well as poor, middle-class, and wealthy characters face-to-face in situations where they at times transgress racial and class boundaries. Faulkner's resulting narratives capture fully the problematic dynamics of the South's segregation history, a time when racial battles were being fought daily, lynching occurred across the South, and Americans in general were suffering from the poverty of the Great Depression. Faulkner frequently portrays individuals in his works who are marginalised or excluded from society, particularly black males and females. Nancy, in the story *That Evening Sun,* Will Mayes, in *Dry September,* and Joe Christmas, in *Light in August,* experience social and cultural ostracism due to their nonconformity to societal norms. In all of these portrayals, including Joe Christmas's depiction, the term 'black' is not merely associated with one's skin colour, but rather it is seen as a social position that is subjectively influenced by wider influences such as language and culture.

Faulkner held deep admiration for his region, but he was consumed by terror as he contemplated the persistent racial struggles that plagued the country. His works predominantly address issues concerning the standing of women in society, as well as the mingling of races and social strata. Joe Christmas, the central figure in the novel *Light in August,* is a very contentious character due to his indeterminate racial origin. Regarding this matter, we can refer to Michael Omi's thoughts on the concept of "racial formation":

> One of the first things we notice about people when we meet them (along with sex) is their race. We utilize race to provide clues about who a person is. This fact is made painfully obvious when we encounter someone whom we cannot conveniently racially categorize – someone who is, for example, racially "mixed" or of an ethnic/racial group with which we are not familiar. Such an encounter becomes a source of discomfort and momentarily a crisis of racial meaning. (126)

The racially indeterminate character of Joe, whether imagined or actual, epitomises the conflict present in the story. He does not conform to any societal group, as he does not belong to either the black or white community; he is of mixed race, commonly referred to as a mulatto. He finds himself in a position where he does not align with any one race or religion. His mixed-race physique embodies and represents a cultural confusion that has the potential to continue causing significant instability. Without a racial identity, individuals are at risk of lacking a distinct sense of self. The character is deeply split and constantly tortured. What's even more perilous is that he is unable to free himself from his internal conflicts, which hold him captive until the very end. Joe's estrangement initiates with "… his social alienation in the orphanage in

which he lives until he is five, and where he is introduced to the concept of being a nigger, the primary name by which the other children refer to him" (Bell 120). It is evident that his partial blackness enables white men to use disparaging language when addressing him, and as a result, he progressively retreats into his own world. The marginalised individual is inadvertently isolated as a result of the condemnation and stigmatisation they experience from the rest of the world. In Joe's case, his own name also contributes to his perception as foreign, which allows him to evade detection: "The strangeness of Christmas's name enables him a literal escape from the totalizing power of social abstraction, as he can be figured only as something foreign…Christmas as a surname fails to register meaningfully within a system of representation in which 'a man's name is…just the sound for who he is" (Bell 118).

Joe Christmas is subjected to violent racial animosity without anyone ever knowing whether he had any black ancestry, including Joe himself. It is conceivable that Faulkner was contemplating the ambiguous inheritance of guilt and responsibility that a young man bears for the actions of his progenitors, and that a white man bears for what may be his black relatives. In addition, he was in search of the significance of race in a society that established clear social and legal divisions among different races, granting white individuals the authority to violate and obscure such divisions. William Faulkner has masterfully crafted a multitude of characters that come to life on the expansive canvas of his works, exuding a palpable sense of reality and vitality. Several of his characters are fashioned after the individuals in his own family. His black characters are very durable and intricately depicted representations of life in the American South. According to Doreen Fowler:

> William Faulkner is the greatest writer the South has produced. In twenty-century American fiction, in capturing the rich variety and disorder of American life, no one else has come anywhere close to the depths of intensity and comprehensiveness of Faulkner's imagination. But if ever an American writer took on a subject filled to overflowing with war, violence, pain, cruelty, exclusion, servitude, impoverishment, racial pride, hatred and resentment of the rest of the country, defeat, deceit, and delusions of everlasting power over others, it was Faulkner. (3)

Joe's situation intimately links the concepts of alienation or otherness. Kevin Bell observes : "Joe's intrusion as a figure of otherness into a social texture of white, masculine homogeneity" (113). The feeling of non-adherence creates a sense of inferiority, and the outcast characters, such as Joe, suffer not only from social alienation but also from inner emptiness. Christmas's self-hatred makes him unbearable to himself, and he lives "a life of perpetual dislocation" (121). He chooses to be mostly isolated, even though he has relationships with other men and inevitably interacts with them. His isolation is a form of defence, as much as a form of individual incapacity to get attached to places or people: "Able to live anywhere, Christmas is also able to leave anywhere, attached to no home and no particular other" (121). His relationship with Joanna Burden exemplifies his distorted nature, as he feels a need to be with her, yet ultimately acts to rid himself of her. He murders the woman, thereby extinguishing any hope of salvation from himself.

Racial stereotyping linked to poverty is a prevalent theme in *Light in August.* The entire social framework of the South was built in order to prevent Afro-Americans' financial emancipation. Underpaid, hard work at the sawmill, performed by Christmas, is referred to as "negro's job at the mill" (Faulkner 17). Trying to send Christmas to the "nigger college [...] so they wont charge you anything," Joanna shows him his

place. For Joanna, "blackness means poverty" (121), and poverty is associated with submissiveness, which is connected to subordination. Christmas's attitude triggers aggression in people because, at every stage of his life, he refuses to submit to anyone. Starting from the moment when McEachern is trying to force Christmas to obey him, to the day of his coming into Mottstown, where instead of acting like a runaway slave, he is walking the streets "like a white man" (133), Christmas expresses his disagreement with his position in the social hierarchy.

The main struggle of Joe Christmas is his conflict between who he is and what he wants, his identity and his desire. The two factors are mutually exclusive. Christmas wants to be treated like a white man, but his uncertain origin makes him socially maladjusted. He is trying to find his way through the racial division of the American South to assimilate into one of the existing communities. However, his attempt to be a part of a black society is doomed to failure because his socialization took place with white Southerners. For this reason, he despises black Americans and, thereby, despises himself. His aggression against black people—beating a black prostitute in the barn or aggressive behaviour in the black church—is directed against that part of society that prevents him from feeling like a full-fledged member of the society, which is all he wants:

> There were people on these porches too, and in chairs upon the lawns; but he could walk quiet here. Now and then he could see them: heads in silhouette, a white blurred garmerited shape; on a lighted veranda, four people sat about a card table, the white faces intent and sharp in the low light, the bare arms of the women glaring smooth and white above the trivial cards.
>
> 'That's all I wanted,' he thought. 'That don't seem like a whole lot to ask'. (49)

Joe Christmas rebels against the social norms that are in force in the American South. This attitude eventually leads to his death, indicating that the main character of *Light in August* is looking not so much for his identity but rather for acceptance of his strangeness by others and that the search is a fundamental part of his existence. His struggle is doomed to failure, and the conformist attitude—acceptance of the white community's values—would be, in his case, a much better choice, as it would give him full civil rights. However, since his adoption by McEchern, Joe Christmas has been fighting for the right to be himself. He does not even do it consciously. It is just a part of his nature, as it is shown in the scene below: "The child was not listening. He was not bothered. He did not especially care anymore than if the man had said the day was hot when it was not hot. He didn't even bother to say to himself, my name ain't McEachern. My name is Christmas. There was no need to bother about that yet. There was plenty of time" (61). Almost thirty years after this incident, Joe still keeps fighting. Christmas is considering a possible marriage with Joanna, which would give him "peace and security to the end of life" (108). But he rejects this possibility because by accepting it, he "would deny all the thirty years that he has lived to make him what he chose to be" (108). In spite of having socialized among white people, he scorns black Americans. On the other hand, despite the traumatic experiences of his early childhood, Joe Christmas has all the makings of a white person. McEcharn, in spite of all his cruelty and callousness, does not care about Christmas's background. He just wants him to adopt his values. Christmas's appearance and the way he speaks do not indicate that he belongs to a different race either. He does not have to aspire to be white because, from the white community's point of view, he is already white. Otherwise, he would not be allowed to be a part of it. From

white Southerners' viewpoint, personality traits are closely associated with racial affiliation, and no one is able to change them. Under such circumstances, the only chance for Christmas to build a positive image of himself is the acceptance of his strangeness by the other members of the white community. He wants to be accepted, regardless of his racial background. Therefore, he always mentions his origin, although this behaviour eventually leads to his death.

Faulkner was a keen observer of his social environment. His understanding of history came from a variety of sources, mostly oral tradition, passed on from elderly aunts, black servants, old men at the courthouse square, and scholars at the university. Faulkner's narratives were also significantly inspired by another often overlooked element of Oxford's history: the lynching of a black man, Nelse Patton, that occurred on the Oxford town square when Faulkner was a boy there. At the time, a furious mob of hundreds of people from the local and surrounding counties gathered to hang Patton long before due process could be employed. The effect of this brutal incident on Faulkner has never been made clear; however, the account of Patton's death deserves a full examination not only for what it says about the racial environment that Faulkner grew up in but also for what it can teach us about Faulkner's writing. In the United States, the colour of one's skin can tell a distinctly violent story, one that is mired in sexual violence or mere physical coercion between white bodies and bodies marked not-white. The notion of trauma and the physical and psychic marks it leaves behind is one applicable to racial oppression. *Light in August* reveals a more complex idea of how the interracial body and its embodied miscegenation can fracture the identity of the beholder. The novel is an image of the conflict between the individual, who strives for his place in society, and the system, in which the struggle is destined to be lost. As the notion of race in this narrative alludes to the disparities among individuals, the book Light in August has a universal dimension that goes far beyond the political and social relations of the American South.

Racism repeatedly extends its poisonous tentacles in broad daylight. It was horrifying to witness in May 2020 how an African American man named George Floyd was gasping for air and writhing in agony as a white policeman's knee crushed his neck in Minneapolis, Minnesota. Within minutes, Floyd passed away. This incident highlights the numerous instances in which black lives have been brutally taken away by police violence in America, despite the fact that "black lives matter" just like any other. The civil rights movement and the American Civil War both fought for equality and dignity for Black people, yet systematic violence and prejudice against them still exist. Racism persists unchecked and occurs everywhere in the world.

While William Faulkner is known for his strong connection to the American South, he can also be considered a universal figure. He possessed a profound comprehension of human suffering and skillfully depicted moments of joy and despair, transcending geographical boundaries and applicable to various regions and historical eras. Unfortunately, the belief in white supremacy and the prohibition of racial discrimination persist in our era. Even in the present day, it is undeniable that the truths he depicted in his writings remain valid: racism continues to persist, and conflicts arising from differences among individuals still occur. The twenty-first century has yet to provide satisfactory answers to problems of tolerance or acceptance, put an end to discussions concerning skin colour, or resolve the issue of extreme poverty. Regrettably, there is no unequivocal solution for the issues of intolerance or starvation. Therefore, Faulkner remains just as relevant in the present day as he was one hundred years ago.

Works Cited:

Bell, Kevin. *Ashes Taken for Fire: Aesthetic Modernism and the Critique of Identity.* Minneapolis: University of Minnesota Press, 2007.

Doyle, Don Harrison. *Faulkner's County: The Historical Roots of Yoknapatawpha.* Chapel Hill: University of North Carolina Press Books, 2001.

Faulkner, William. *Light in August.* New York: Random House Inc., 1972.

Fowler, Doreen, and Ann J Abadie. *Faulkner and Religion.* Mississippi: University Press of Mississippi, 1991.

Omi, Michael, and Howard Winant. *Racial Formation in the United States.* United Kingdom: Routledge, 2015.

A Study on reservation policy for economically weaker sections of India with special reference to socio-economic sections

Soma Chakraborty

Faculty, Department of Political Science

Abstract

This article explore the reservations policy in India, focusing on its socio-economic and political dimensions. The reservations system, designed to address historical injustices and social inequalities faced by marginalized communities, has been a subject of extensive debet and scrutiny. It examins the policy's effectiveness in achieving its goals of social justice and economic upliftment, while also criticism the empiricisms and challenges it faces. This article aims to provide a comprehensive understanding of how reservation policies influence socio-economic disparities and political dynamics in contemporary India. The findings suggest that while the reservation policy has made significant strides in improving access to education and employment for marginalized communities, it also raise questions about its long-term sustainability and the need for policy reforms to address emerging socio-economic challenges.

Key Notes : Back ground of reservation, EWS (Economically Weaker Section)

Introduction

Discussion about reservation system occupy an important place in Indian politics. This article also discuss of this reservation system. This topic discuss the historical background of the reservation system, and purpose of the reservation system. Along with this article mentions the necessity of reservations for socio-economically backward classes and its importance.

Background of Reservations Policy

Discussion about reservation system occupy an important place in Indian politics. The system of reservation existed in India even before independence. Quota system favouring certain caste and other communications existed before independence in several areas of British India. William Hunter and Jyotirao Phule in 1882 originally conceived the idea of caste based reservation system and the British Raj introduced elements of reservation in the Government of India Act of 1909. India got independence from British rule in 1947 and country was divided into two parts India and Pakistan. So when the constituent assembly was forming the constitution of India, social discrimination based on the caste system was big hindrance to equality in society. So the provision of reservation for the society backward classes was introduced in the constitution of India. Reservation were initially introduced for a period of 10 years and only for SCs and STs, but it kept on extending with several change in it. In 1947 there were some major initiatives on favour of the Schedule Castes and Schedule Tribes (SCs and STs) and after the 1980s in favour of OBCs (Other Backward Caste) and in 2019 for poor in the general category. A notable commission in this reservation

context is the Mondal Commission. This commission was formed in December 1978 under the Chairmanship of B. P. Mondal. The commission was formed to determine the criteria for defining India's "Socially and educationally backward classes" and to recommended steps to be taken for the advancement of those classes. In 1980, the Mondal Commission concluded that India's population consisted of approximately 52% OBCs, therefore 27%. government jobs should be reserved for them. The commission has developed eleven indications of social, educational and economic backward and apart from identifying backward classes among Hindus, the commission has also identified backward classes among non-Hindus (Muslim, Sikhs, Christians and Buddhists).

The constitution of India states in article 15(4) "Nothing in (article 15) on in clause (2) of article 29 shall prevent the state from merging any special provision for the advancement of any socially and educationally backward classes of citizens of or for the Schduled Casts and the Scheduled Tribes".

Article 46 of the constitution states that "the state shall promote with special care the educational and economic interests of the weaker sections of the people, and particular of the Scheduled Castes and the Scheduled Tribes, and shall protect them from social injustice and forms of exploitations :

In this context the Supreme Court of India ruled in 1992 that reservation could not exceed 50% anything above which would violated it ...equal access as guaranteed by the constitution. It thus put a cap on reservation.

On 7th November 2022, Supreme Court of India by a 3:2 verdic in Janhit *Abhiyan vs Union of India* write petition (civil) no. (S) 55 of 2019, upheld the validity of the 103rd constitutional amendment carried out to provide legal sanction carve out 10% reservation for the economically weaker sections from unreserved classes for admission in educational institution and government jobs and held that the 50% cap on quota is not inviolable and affirmative action on economic basis may go longway in eradicating caste based reservation.

It is known about historical context of reservation that how reservation was introduced in India, first caste-based reservation started, but later it was made economically based on the needs of people and society. Otherwise, it was not possible to bring, the economically backward classes into the mainstream of society. Keeping this is mind, reservation has been taken a step further. Now the issue is how important and significant is the reservation for *economically weaker sections*. What is the result of this reservation?

Objective

- To highlight importance of economic based reservation.
- To mention requirements of economic based reservation for economically weaker section in society.

Research Questions :

- How does economic based reservation contribute to addressing socio-economic disparities in society?

What are the specific requirements and criteria for implementing economic based reservations for the Economically Weaker Sections (EWS) in society?

- Importance of Economic Based Reservation (EWS)

A large section of the Indian society is economically weak and this section belongs to the unreserved sections of India. The economically weaker section consists of sections or classes belonging to the unreserved sections of India, whose annual family income is less than 8 lakhs. It is an important document for the upliftment of economically backward classes. It makes breaking down societal, economic and financial barriers easier with better opportunities.

This reservation act not only expanded the scope of affirmative action in India to now include both caste-based and class-based protections. It has evolved from a group-centered approach to a reservation policy that is based on individuals.

Another important point is that this reservation policy expanded India's affirmative action because after independence reservation was considered only as a tool to protect marginalized caste-based communities but this policy has now become a tool to fight economic inequality.

This reservation policy is expected to further accelerate India's positive momentum. It will usher in a new dimension of politics based on meaning social justice.

This EWS certificate provides an opportunity for hopefuls from backward and disadvantaged areas to compete to achieve their academic and financial goals.

Requirements of economic based reservation for economically weaker section :-

Talking about the need of this system of reservations, it can be said that the need of reservation for this economically weaker section is significant in order to tackle the economic disparity that has arisen in India and interms of access to education and employment of economically disadvantaged people. This reservation system has helped to reduce poverty and maintain social mobility in the society. It has also helped in eliminate social inequality. As a result of this reservation system, the classes which were backward due to economic weakness and were moving away from the main stream of the society will be able to come back to the main stream. This is where this reservation system is necessary.

Conclusion

In the context of this short discussion about this reservation policy, it can be said that this reservation policy for the economically backward classes has tried to develop and empower the economically weaker sections of the society, especially women. Along with this, India's finance plays an important role in social development, with public education emphasizing gender equality and the economy that forms the basis of society.

Reference:

Reservation Policy and Scheduled Castes in India, A.K. Vakil, New Delhi 110026, 1985

Reservation Policy in India, Dr. Bijoy Chandra Mahapatra, Dr. Subhansu Ranjan Mahapatra, Research India, 2013

Caste in India : Their Mechanism, Genesis and Development, Bhimrao Ramji Ambedkar, 9 May 1916
Drishti IAS—https://www.drishtiias.com
Byju's—https://byjus.com
https://www.wikipedia.org/
https://jirjs.com

অন্তর মহল

সোমা মুখার্জী
স্নাতকোত্তর, বাংলা বিভাগ

বহির্জগতের সাথে লড়াইটা আমরা কমবেশি সকলেই করে থাকি। বলা বাহুল্য , আমাদের জীবনের একটা অংশ হিসেবেই দাঁড়িয়েছে এই লড়াই। কঠোর হয়ে, দাঁতে দাঁত চেপে হলেও এই লড়াই থেকে আমরা বাঁচার চেষ্টা করি। অনেক ক্ষেত্রে সফল হই, অনেক ক্ষেত্রে ব্যর্থও হই। আবার কিছুক্ষেত্রে হয়তো পাত্তা না দিয়েই বেড়িয়ে যাওয়ার চেষ্টা করি। কিন্তু লড়াইটা যদি হয় নিজের অন্তর্লোকের সাথে?? তখনও কি আমরা এইভাবেই পাত্তা না দিয়ে বেড়িয়ে যাওয়ার চেষ্টা করি?? দাঁতে দাঁত চেপে, কঠোর হয়ে বহির্জগতের লড়াইয়ের মতো লড়াই করে নিজের মানসিক শান্তি খুঁজতে চেষ্টা করি??

নাহ.. আমরা তা করি না, করতে পারিনা বা করতে চেষ্টা করিনা, আমরা পালানোর চেষ্টা করি। ভয় পাই আমরা, সৎসাহস হয়না নিজের সম্মুখীন হওয়ার। কারন, আমরা জানি আমাদের ভিতরে থাকা ''অহংবোধ'' আমাদের শেষ করে দিয়েছে। আজ আমাদের জীবনে আমরা যেই পর্যায়ে রয়েছি তার জন্য কোথাও আমরা নিজেরাই দায়ী। আমরা পারি না নিজেদের দোষ দিতে, আমরা পারি না নিজেদের সম্মুখীন হতে। কারণ, আমরা চিরকালই ভেবে এসেছি, আমরা কোনো ভুল করতেই পারি না। হ্যাঁ, আমাদের অহংবোধ তা ই শিখিয়ে এসেছে কি করে নিজের দোষ ত্রুটিগুলো ''ভাগ্যের পরিহাস।''... ''অমুকের দোষ''... ''পরিস্থিতির'' ওপর চাপিয়ে দিয়ে নিজেকে ''পাপমুক্ত'' রাখা যায়। আচ্ছা, কখনো কি একবারও নিজের দিকে ফিরে দেখেছি? কখনো কি একবারও নিজেকে প্রশ্ন করেছি? বা কখনো কি নিজের দোষ-ত্রুটিগুলো স্বীকার করেছি নিজের কাছে? যে আজ হয়তো আমাদেরই কোনো ত্রুটি ছিল বলেই আজ আমরা এই জায়গায়? আজ নিজেদেরই মানসিক অশান্তি বা মানসিক দ্বন্দ্বের কারণ আমরা নিজেরাই ??

আসলেই, আমরা নিজেদের নিয়ে আমরা নিজেরা কখনোই ভাবি না। ভাবার সময় হয়তো নেই। কারণ,

আমরা সবসময় অন্যকে নিয়ে ভেবে, অন্যকে নিয়ে চর্চা বা সমালোচনা করেই আমরা নিজেদের সময় নষ্ট করি। 'অমুক ওই সুযোগ আমার দিয়ে আগে পেল কেন?', 'কি করে পেল?', নিশ্চয়ই কোনো ''Source'' আছে ইত্যাদি ইত্যাদি।। অন্যের বিষয়ে এইসব নেতিবাচক মন্তব্য করে নিজেরাই নিজেদের মানসিক অবস্থা খারাপ করি। মনের মধ্যে এই ভাবনাগুলো কখনোই আনতে চাইনা যে যারা তাদের জীবনে এগিয়ে গেল তাদের appreciate করি বা সাধুবাদ জানাই বা তাদের দিয়ে ভালো কিছু শিখে নিজেদের জীবনে প্রয়োগ করলে হয়তো আমরাও জীবনে এগোতে পারবো। সে বয়সের দিয়ে ছোট হোক বা বড়। জীবনে শেখার কোনো শেষ নেই। সবসময়ই আমরা কিছু না কিছু শিখি। প্রত্যেক মানুষই সর্ববিষয়ে সর্বজ্ঞানী হতে পারে না তা যদি হতো তাহলে বিদ্যালয়

বা বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান তৈরি হত না আর আমাদেরও সেখানে যাওয়ার কোনো দরকার পড়তো না। সুতরাং আমরা প্রত্যেকেই যে নিজেদের মধ্যে ইগো নিয়ে ঘুরে বেড়াই বা প্রত্যেকেই ভাবি যে "I am the best" তা সম্পূর্ণই ভুল ভাবি। ওটা আসলে আমরা আমাদের আত্ম- অহংকারবোধেই ডুবে থাকি। কথায় আছে, Confidence ভালো কিন্তু Over confidence একদমই ভালো না। যা আমাদের পতনের কারণ। আর ঠিক এই চিন্তা-ভাবনাগুলোর জন্যই বোধহয় আমরা নিজেরাই আমাদের মানসিক দ্বন্দ্বের কারণ। আমরা কখনোই ভাবতে পারিনা যে আমরাও অন্যের থেকে কিছু শিখতে পারি। আমরাও যে সর্বদিক থেকে পরিপাটি নই, আমাদেরও প্রতিনিয়ত কিছু না কিছু শেখার মাধ্যমেই নিজেদের জীবনে এগোতে হবে তা আমরা মানতে চাইনা। দিনে ২৪ ঘন্টাই মোবাইলে সোশ্যাল মিডিয়াতে সময় কাটাচ্ছি, ওকে তাকে নিয়ে ভেবে সময় নষ্ট করছি। কিন্তু নিজেকে যোগ্য করে তোলার জন্য, জীবনে প্রতিষ্ঠিত হওয়ার জন্য যে কঠোর পরিশ্রম করতে হয় তা নিয়ে আমাদের কোনোরকম মাথাব্যথা করে না। নিজেদের যোগ্য বা প্রতিষ্ঠিত করার জন্য সেইভাবে মানসিক দ্বন্দ্বে রাতের ঘুম উরে যায় না যেইভাবে আমরা 'অমুক সাফল্য কীভাবে পেল তা নিয়ে ভেবে, চর্চা করে মানসিক দ্বন্দ্ব করে রাতের ঘুম উরিয়ে দিই '।।

মনে রাখা উচিত, প্রত্যেকেরই জীবন সংগ্রাম আলাদা। সুতরাং তারা কীভাবে কোন সুযোগ পেল তা নিয়ে আমাদের মাথা ঘামিয়ে মানসিক অবস্থা খারাপ করার কোনো প্রয়োজন আছে বলে মনে হয় না। শুধু শুধু সুস্থ শরীর ব্যস্ত করা। যখন অমুকেরা নিজেদের যোগ্যতা বা প্রতিষ্ঠিত হওয়ার জন্য বহির্জগত বা অন্তর্জগতের সাথে কঠোর লড়াই করছে তখন কিন্তু আমরা দেখতে যাচ্ছি না। তাদের সাথে বা পাশে দাঁড়াচ্ছি না। তাই তাই তাদেরকে নিয়ে ভেবে ক'টা কু-মন্তব্য করা, তাদের ক্ষমতা- অক্ষমতা অর্থাৎ তারা কি পারে বা পারে না সেই নিয়ে চর্চা করাটা নেহাতই নিজেদের ছোটলোক প্রমাণ করা ছাড়া আর কিছুই নয় বলে মনে করি।।

তুমি পারোনি বা পারছো না সেটা তোমার অক্ষমতা, তোমারই হয়তো কোনো ত্রুটি রয়েছে বা তোমারই নেওয়া কোনো ভুল সিদ্ধান্ত যা থেকেই হয়তো পারছো না তুমি যোগ্য হতে। খামোখা 'ভাগ্য সাথ দেয়নি', 'পরিস্থিতি খারাপ এই বিষয়গুলোর ওপর দোষ দেওয়ার কোনো মানেই হয় না। তুমি যেমন কাজ করবে জীবনে তেমনই ফল পাবে। সেটা খ ারাপ কাজ হোক বা ভালো।।

আমি জানি, আমি যেই কথাগুলো বলছি বা লেখনির মাধ্যমে প্রকাশ করছি তা কোনো নতুন কথা বা নতুন ভাবনা নয়। আমরা সকলেই সব জানি, বুছি বা নিজেদের জীবন সম্পর্কে খুব সচেতন। তাই শুধু শুধু এই জ্ঞানগুলোর প্রয়োজন নেই। সবটা আমিও জানি। কিন্তু সব জেনে শুনেও তো আমরা জ্ঞানপাপীর মতোই আচরণ করি বা করে চলেছি প্রতিনিয়ত। নিজেদের শুধরে নিতে পারলাম কই?? সব বুছে শুনেও নিজেদেরকে ঠিক পথে আনতে পারছি কই?? এখনও তাহলে নিজের সাথে নিজের এত দ্বন্দ্ব কেন?? বাইরে থেকে তো আমরা প্রচুর Strong তাহলে ভিতরে ভিতরে এত গুমরে মরছি কেন?? কেন নিজের সাথে এই বোছাপড়া? যেই বোছাপড়ার ভার সামলে উঠতে না পেরে আমরা আত্মহননের পথ বেছে নিচ্ছি??

এইসব প্রশ্নের উত্তর কি আদৌ আছে আমাদের কাছে??

কে উকি দেয় ওই

সুস্মিতা বাহাদুর,
প্রাক্তনী, স্নাতকোত্তর, বাংলা বিভাগ

যে ডাল ভেঙেছে পূর্বে
তার অংশ রয়েছে বাকি
তবে শুকোচ্ছে আর ঝরছে সব সবুজ।
নভঃ মন্ডলে ছেয়েছে গাঢ়
আঁধার।
নেই তারা নেই চাঁদ নেই নীহারিকার অসংখ্য বিন্দু
কারণ গ্রহণ লেগেছে পূর্বেই।

তাই বর্ণচ্ছটা বিচুরিত হতে পারছে না
আহঃ কি আধার দমবন্ধ হচ্ছে,
রুদ্ধ শ্বাসে চিৎকার দীর্ঘঅক্লান্ত অনুরোধ—
শুনছো ওগো কেউ শুনছো কেউতো আলো জ্বালো
প্রকৃতি না হোক কৃত্রিমও ভালো।

গলা ফাটা চিৎকার আমার হাহাকার ধ্বনি
আকাশ বাতাস মুখরিত হয়েছে বারংবার।

আমি সেই ডাল যে ডাল ভেঙেছে পূর্বে শুকিয়েছে আর ঝরছে
সব সবুজ।
হঠাৎই চিকুরে চমকি উঠিল
একি। শুকনো আকাশে কিসের আলো!
নভঃলোকে শোনা গেল নিশিতের শেষে—
বর্ষা হবে হবে সূর্যোদয়
তিনি আসবেন তিনি আসবেন।

নবযুগ

তাবাস্সুম খানম সরকার,
প্রাক্তনী, স্নাতকোত্তর, বাংলা বিভাগ

পৃথিবীর নিঃশব্দ ভ্রুকুটিতে তথ্য প্রযুক্তির মেলা
কবি সুকান্তের পৃথিবী আজ গরলে পরিণত।
সকল খবর যেন হাতের মুঠোতে,
আবাল বৃদ্ধ বনিতা আসক্ত সোশ্যাল মিডিয়ায়।

ফেসবুক-হোয়াটসঅ্যাপ-মেসেঞ্জারেই ভিড়
এই সবই ত ভবিষ্যৎ কারিগরদের সংসার
গল্প কবিতা উপন্যাসে নেই কো আগ্রহ!
আসলে তো চ্যাটিং ডেটিং এই মেলে স্বর্গসুখ।

উদ্ভট এ সমাজে কে যে কত সুখী,
বিশাল এক প্রতিযোগিতায় মাতোয়ারা সব জুটি।
তারাই যে হতাশাগ্রস্ত প্রমাণ মেলে সব
হিংসাত্মক বাক্যবাণে ঝাঁজরা কমেন্টবক্স।

টিকটক রীল নিয়েছে কেড়ে প্রায় সকলের মেধা
নিয়েছে কেড়ে সে নারীর লজ্জাভুষণটুকুও।
আজকের এই তরুণ তরুণী বড্ড হাবাগোবা
পৃথিবীর বুকে হানা দিয়েছে সে এক বেহাল দশা।।

উষ্ণতম রাত্রি

থাকতে দাও না
তোমার বক্ষপাজরে
মিশতে দাও না
তোমার রক্তের উষ্ণতায়
মাতিয়ে তোলো
তোমার শরীরের গন্ধে
স্পর্শের গহীনে গ্রহণ করে
নাও আমায়!

রাতের শীতলতায়
মুক্তির বানী
ছড়িয়ে দাও.....
আগুনের শিখার মতোন
জ্বলে উঠুক
মনের খেলাঘর!

গ্রহনের আবদ্ধতায়
বেঁধেছো তুমি আমায়
রক্তের সহিষ্ণুতায়
দিয়েছো তুমি আমায়
অন্য পরিচয়।

কথা রেখো

সুচরিতা দত্ত
প্রাক্তনী, স্নাতকোত্তর, বাংলা বিভাগ

আচ্ছা যদি হঠাৎ শোন,
তোমার প্রিয় মানুষটি হঠাৎ কোন দূর দেশেতে পাড়ি দিয়েছে...
তখন তুমি আসবে তো!
শেষ দেখাটা দেখার জন্যে?
নাকি, তখনও এমন অভিমান করে বালিশ ভেজাবে,
না আমি এই বলে দিলুম তুমি কিন্তু অমনটা করবে না।
তখন না হয় রজনীগন্ধার মালাতে আমাকে সাজিয়ে দিও।
আর আশেপাশে কেউ থাকলে বলো,
এই শেষ যাত্রায় আমায় যেন লাল বেনারসিতে সাজায়।
ঠিক যেমন করে নুতন কনেরা সাজে বিয়ের দিনে।

মনে রেখো;
আমি কিন্তু অপেক্ষায় থাকবো,
দূরের ঐ সপ্তর্ষিমণ্ডলের প্রথম তারাটি হয়ে.।
দেখবো তোমায় বিভোর হয়ে।

মনে রেখো;
দেখবো তখন কি করো আমার জন্য।
তখন কিন্তু ফাঁকি দিয়ে চলে যেও না আমায় ছেড়ে,
এতটা কাল ফাঁকি তো দিলে বেশ,
আজ না হয় নাইবা দিলে ফাঁকি।
সেদিন না হয় একটু ভালোবাসার রঙেতে রাঙিয়ে দিও।

মনে রেখো;
শুধু সিঁথি রাঙালেই চলবে না কিন্তু...
কপালে একটা ছোট্ট চুম্বনও এঁকো যতন করে,
সবশেষে কাতর দু-চোখে চোখ রেখে
শুভদৃষ্টিটাও করে ফেল।
আর মনকে বলো কেমন ছিল,
সিঁথি রাঙানোর মুহূর্ত,
কেমন ছিল চুম্বনের স্বাদ!
কথা দিলাম তোমায়...
এ জনমে আর একটুও জ্বালাবো না।

তুমি দেখো;
তোমাকে চিরজীবনের মতো ছুটি দিয়ে,
অনেক অনেক দূরে চলে যাবো।
অনেক তো ফাঁকি দিলে তুমি,
সেদিন না হয় আমি নেবো ছুটি।
তখন কিন্তু কষ্ট পেলে চলবে না
মিষ্টি মুখে মিষ্টি হাসিতে দিতে হবে বিদায়,
এই বলে দিলুম।

প্রতিশোধের রাত

তানিয়া দাস
স্নাতকোত্তর, বাংলা বিভাগ

মাঝরাস্তাতেই গাড়িটার খারাপ হওয়ার দরকার ছিল। রুদ্রিক রোজ যায় এই পরিস্থিতিতে। চোখে মুখে স্পষ্ট বিরক্তির প্রকাশ।

বাড়ি ফিরব কীভাবে? নিজের মনে মনে কথা বলতে থাকে।

চারিদিক অন্ধকার কোথাও কোনও আলো নেই। এমনকি একটি জনপ্রাণী পর্যন্ত নেই। কানে ভেসে আসছে ঝিঁঝিঁ পোকার ডাক আর কুকুরের চিৎকার, তাঁর হঠাৎ চোখ যায় একটি অস্পষ্ট ছায়ামূর্তির দিকে। সে অত ধ্যান না দিয়ে চুপ করে নিজের গাড়ির সামনে দাঁড়িয়ে থাকে।

এত রাতে গাড়ি ঠিক করার মেকানিক পাবো কোথায়?

ধূর!! ভালো লাগে না।

অনেক রাতও হয়েছে।

তাঁর দিকে ছায়ামূর্তিটি এগিয়ে আসতেই স্পস্ট হয় নারীমূর্তিতে।

হ্যালো! আমি কি আপনার কোনও সাহায্য করতে পারি?

সে কিছুক্ষণ অবাক দৃষ্টিতে মেয়েটির মুখের দিকে তাকিয়ে থাকে।

আপনিও আমায় বলতে পারবেন এখানে কোথাও গাড়ি ঠিক করার গ্যারেজ আছে কিনা?

সামনে কিছুটা দূর এগোলে একটা গ্যারেজ ছিল কিন্তু সেটা তো এখন বন্ধ হয়ে গেছে।

যা! এবার কী হবে?

সারারাত রাস্তায় দাঁড়িয়ে রাত কাটাবো।

আরে আপনি একা কেন? আমারও একই অবস্থা, বাড়ি তাড়াতাড়ি ফিরতে হবে কিন্তু একটা গাড়িও পাচ্ছি না।

রদ্রিকের চোখে মুখে ফুটে ওঠে শয়তানী হাসির রেখা।

একটু জল পাওয়া যাবে?

হ্যাঁ অবশ্যই।

গাড়ি থেকে জলের বোতল বের করে এগিয়ে দেয় রুদ্রিক।

মেয়েটি জল পান করে। কিছুক্ষণ পর থেকে মেয়েটি চারিদিক অন্ধকার দেখতে থাকে। এইতো ঘুমের ওষুধ কাজ করেছে।

সে গাড়িতে তোলে মেয়েটিকে চুপচাপ কিছুক্ষণ বসে থাকে।

তারপর হঠাৎ করেই নাকে একটা পঁচা গন্ধ আসে।

পিছনে তাকিয়ে দেখতেই চক্ষু চড়কগাছ।

এ কে?

কাকে গাড়িতে তুলেছে?

কুৎসিত কদাকার এক নারী চেহারা। যার সারা শরীরের মাংস খুবলানো, কামড়ের দাগ, আঁচড়ানো, ঠোঁট দুটি ক্ষতবিক্ষত, চোখ দুটি দিয়ে রক্ত ঝরে পড়ছে।

তু-তু-তু তুমি কে?

আমি কে? অট্টহাসিতে হাসতে শুরু করে পিশাচিনীটি।

কিছু মনে পড়ছে?

কী কী কী কী মনে পড়বে?

যদি মনে না পড়ে আমি মনে করিয়ে দিই!

আজ থেকে ছয়মাস আগের অভিশপ্ত রাতটা মনে আছে?

ছয়মাস আগে পার্টি থেকে ফিরছিল রুদ্রিক। সে এতোটাই মদ্যপান করেছিলো যে তাঁর কোনও হুঁশ ছিল না।

রাস্তায় সে একটি মেয়েকে দেখতে পায়।

আমাকে দয়া করে একটু লিফট দেবেন? আমার খুব দরকারী একটা কাজ আছে। আমার তাড়াতাড়ি বাড়ি ফেরাটা জরুরী।

মেয়েটিকে আপাদমস্তক রুদ্রিক পর্যবেক্ষন করে, এরপর মনে মনে ভাবে—শিকার যদি সামনে থাকে তাহলে সুযোগ হাতছাড়া করতে নেই।

হ্যাঁ অবশ্যই।

মেয়েটি গাড়ি উঠতেই রুদ্রিক গাড়ি চালাতে শুরু করে।

সে সুযোগ বুঝে অন্ধকার রাস্তায় গাড়ি নিয়ে যায়।

গাড়ি থামান।

আমি নামবো।

না-না, গাড়ি থেকে তোমার তো নামা চলবে না।

গাড়ি থেকে মেয়েটিকে টেনে হিঁচড়ে বের করে নিয়ে আসে।

মেয়েটি তার হাতে কামড় দিয়ে দৌড়াতে শুরু করলে একটি ইটে ধাক্কা খেয়ে পড়ে যায়। রুদ্রিক তাঁর দিকে এগিয়ে আসে।

আমায় ছেড়ে দিন। আমি তো আপনার কোনও ক্ষতি করিনি।

না। না। তোমায় ছাড়লে চলবে না। মুখে হাত চাপা দিয়ে এক নরখাদক তার...

তারপর গলা টিপে হত্যা।

মনে পড়লো?

আমায় ছেড়ে দাও।

সেদিন তুমি কি আমায় ছেড়ে দিয়েছিলে?

দাও নি।

তাই আজ তোমার ছাড় নেই।

আজ আমার পালা

তোমায় কেউ বাঁচাতে পারবে না। সে রদ্রিককে গলাটিপে হত্যা করে, তাঁর সাথে হওয়া অন্যায়ের প্রতিশোধ নেয়।

প্রতিশোধের পালা শেষ হতেই সে অন্ধকারে মিলিয়ে যেতে থাকে।

GPS Map Camera
Kolkata, West Bengal, India

The Way
AWAKENING

GPS Map Camera
Howrah, West Bengal, India

Inter-college Awareness Programme
on Intellectual Property Rights

নব বালিগঞ্জ মহাবিদ্যালয়

২৭ই বোসপুকুর রোড কলকাতা - ৭০০০৪২